


Vol. 39 | No. 3 | 1996

Check for updates

সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

# বিশ্ববিদ্যালয় পুথিশালার নবাবিষ্কৃত পুরোনো দলিলপত্র (প্রথমাংশ)



| | |
|---|---|
| Volume | 39 |
| Issue | 3 |
| Year | 1996 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | Muhammad Shahjahan Mia |
| Published online | June 1, 1995 |
| DOI | 10.62328/sp.v39i3.2 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v39i3.2 |
| Pages | 17-92 |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |

Check for updates

# ঢাকাবিশ্ববিদ্যালয়পুথিশালায় নবাবিষ্কৃত পুরোনো দলিলপত্র

মুহম্মদ শাহজাহান মিয়া

## ভূমিকা

ঢাকাবিশ্ববিদ্যালয়পুথিশালার প্রায় পৌনে দুশ পুরোনো দলিলপত্রের পাঠ এখনও অপ্রকাশিত রয়ে গিয়েছে। এ দলিলগুলো আঠার-উনিশ শতকে লিখিত হয়েছিল। এসব পুরোনো দলিলপত্রের পাঠ প্রকাশিত হলে গবেষকগণ উপকৃত হবেন বলে ধারণা করা যায়। উল্লেখ্য যে একদা অজ্ঞাত সত্তের, আঠার ও উনিশ শতকের বেশ কিছু দলিলপত্র সম্পর্কেও এখন আমরা অবগত হতে পেরেছি।[১]

ঢাকাবিশ্ববিদ্যালয়পুথিশালার এসব দলিলপত্রও ইতস্তত বিক্ষিপ্ত অবস্থায় নানা অপরিচায়িত পত্রস্তূপের মধ্যে ছিল। এগুলো আমার হাতেই পরিচায়িত হয়েছে। উল্লেখ্য যে ঢাকা বিশ্ববিদ্যালয় পুথিশালার আরও একশ উনিশটি পুরোনো দলিলপত্রের পাঠ ইতঃপূর্বে প্রকাশিত হয়েছে। সেগুলোও ওই পুথিশালার নানা অপরিচায়িত পত্রস্তূপের মধ্য থেকেই আমি সংগ্রহ করেছিলাম।[২] এখানে যেসব পুরোনো দলিলপত্রের পাঠ ছেপে দেওয়া হল, সেসব দলিলপত্র ঢাকা বিশ্ববিদ্যালয়পুথিশালার সম্পদ। ওই পুথিশালায় রক্ষিত পুরোনো দলিলপত্রের সংখ্যা এখন সাকল্যে তিনশত। যাঁরা প্রাচীন চিঠিপত্র ও দলিলদস্তাবেজ নিয়ে কাজ করবেন, তাঁরা এখন সহজেই এগুলো ব্যবহার করতে সমর্থ হবেন।

ঢাকাবিশ্ববিদ্যালয়পুথিশালার নবাবিষ্কৃত এসব দলিলপত্রের ভাষা বাংলা। তবে কিছু দলিলপত্রের অংশবিশেষ সংস্কৃত ভাষায় লিখিত। আর অনেক দলিলপত্রের বহুস্থলে বাংলা বাক্যেও সংস্কৃত বাক্যাংশ ব্যবহৃত হয়েছে। একে সেকালের একটি সাধারণরীতি রূপে বিবেচনা করা যায়।[৩]

পরিশিষ্ট-অংশে কয়েকটি প্রয়োজনীয় বিষয় স্থান পেয়েছে। এ-অংশে রয়েছে দলিলপত্রগুলোর কালানুসারী ও বিষয়ানুসারী দুটো তালিকা। এছাড়া ছয়টি বর্ণনানুক্রমিক তালিকাও পরিশিষ্টে স্থান পেয়েছে। দলিলপত্রাদিতে প্রাপ্ত আরবি-ফারসি-হিন্দি শব্দ, আঞ্চলিক শব্দ, সংক্ষেপিত শব্দ, অন্যান্য শব্দ এবং ব্যক্তিনাম ও স্থাননামের ভিত্তিতে এ তালিকাগুলো প্রস্তুত করা হয়েছে। স্থাননামের তালিকায়

সাকিন, পরগনা ইত্যাদির উল্লেখ নামের পাশে করা হয়েছে। প্রতিটি দলিলপত্রের সঙ্গে লিপিস্থল ও লিপিকালেরও উল্লেখ করা হয়েছে। বঙ্গাব্দের সঙ্গে খ্রীষ্টাব্দেও সঠিক সন-তারিখ নির্দেশ করা হয়েছে। কিছু দলিলপত্রের প্রতিলিপিও পরিশিষ্টে দেওয়া হয়েছে। পুরোনো বাঙালি সমাজের বিভিন্ন স্তরের মানুষের প্রাত্যহিক জীবনযাত্রার ক্ষুদ্রবৃহৎ নানা তত্ত্ব ও তথ্য এই সব চিঠি ও দলিলে পাওয়া যাবে। তার আলোকে বাঙালির জীবনধারাও আমরা খানিকটা জানতে-বুঝতে পারব।

এই সংগ্রহে আঠার-উনিশ শতকের পৌনে দুশ দলিলপত্রের পাঠ দেওয়া হয়েছে। অনেকগুলো দলিলপত্রের মধ্যে স্পষ্টভাবে লিপিস্থল উল্লিখিত হয়েছে। তবে বেশ কিছু দলিলপত্রে লিপিস্থল অনুল্লিখিত রয়ে গিয়েছে। স্থাননামের উল্লেখকালে যেসব প্রশাসনিক এককের নামোল্লেখ করা হয়েছে, তার মধ্যে আছে : সাকিন, পরগনা ইত্যাদি। বাংলাদেশের অন্যতম প্রশাসনিক কর্মকেন্দ্রের নাম হিসেবে এককালে 'পরগনা'-শব্দের ব্যাপক প্রচলন ছিল। এই দলিলগুলোতে বেশ কিছু পরগনার নাম পাওয়া যাচ্ছে, সেগুলোর অন্তঃপাতী কোনো না কোনো সাকিন বা গ্রামনামের উল্লেখসহ। ফলে ওই সব পরগনার অবস্থান পূর্বে কোথায় ছিল, তা এ-সূত্রেও আমরা জেনে নিতে পারছি।

পূর্বেই উল্লেখ করেছি যে বহু দলিলপত্রে লিপিকাল উল্লিখিত হয়েছে। তবে বেশ কিছু দলিলপত্রে লিপিকাল উল্লিখিত হয়নি,—এগুলোর আনুমানিক লিপিকাল আমরা নির্ধারণ করেছি। যেসব দলিলপত্রে লিপিকাল উল্লিখিত হয়েছে, সেগুলোতে প্রধানত বঙ্গাব্দে লিপিকালের উল্লেখ রয়েছে। এসব দলিলপত্রের কোথাও পরগনাতি সনের ব্যবহার নেই।[৪]

এখানে মুদ্রিত দলিলপত্রাদির ভাষাসম্পর্কে কিছু কথা বলা দরকার। আঠার শতকের দলিলপত্রের ভাষায় আরবি-ফারসি শব্দ বেশি পরিমাণে ব্যবহৃত হয়েছে। (সতের শতকের দলিলপত্রে এর চেয়ে কম পরিমাণে আরবি-ফারসি শব্দ ব্যবহৃত হয়েছে।) বহু দলিলপত্রের পাঠে বেশ কিছু সংক্ষেপিত শব্দের ব্যবহার লক্ষ করা যাচ্ছে। এভাবে ১৬৫-সংখ্যক পত্রে 'তাং' (=তারিখ), ১৭৯-সংখ্যক দলিলে 'তেং' (=তেরিখ) প্রভৃতি ব্যবহৃত হয়েছে। সুতরাং আঠার-উনিশ শতকের দলিলপত্রেও এরূপ সংক্ষেপিত শব্দগঠনের রীতি চালু ছিল, তা বলা যায়। এপ্রসঙ্গে আরও একটি সম্পূরক তথ্য এখানে পরিবেশন করা যায়। আঠার-উনিশ শতকে লিখিত দলিলপত্রেও (যেমন : আঠার শতকের শেষপাদে লিপীকৃত ১৮৫-সংখ্যক পত্রে) 'কৃষ্ণ'-শব্দের একীভূত রূপটি ব্যবহৃত হয়েছে।[৫]

এই সংগ্রহভুক্ত দলিলপত্রাদির পাঠে বহু স্থাননামের উল্লেখ রয়েছে। এস্থাননামগুলো এদেশের আঞ্চলিক ইতিহাসের পুনর্গঠনে ও পঠনপাঠনে, এমনকি প্রত্ন-সাহিত্য-ঐতিহ্যের মর্মোদ্ধারে বিশেষ সহায়ক হতে পারে বলে মনে করি। এসব দলিলপত্রে বহু ব্যক্তিনামেরও উল্লেখ রয়েছে (পরিশিষ্ট দ্রষ্টব্য)। উল্লিখিত ব্যক্তিবর্গের মধ্যে যেমন হিন্দু ও মুসলিম রয়েছে, তেমনি উচ্চ ও নিম্নস্তরের মানুষও

রয়েছে। সংশ্লিষ্ট সময়ের ব্যক্তিনামের বহু বৈশিষ্ট্য এসব নামে মিলবে। এদেশের পুরোনো সমাজ ও সংস্কৃতিকে জানা ও বোঝার ক্ষেত্রে এনামগুলোও কমবেশি সহায়ক হবে বলে আশা করা যায়।

পরিশেষে আর একটি কথা বলা প্রয়োজন। ঢাকাবিশ্ববিদ্যালয়পুথিশালার ১১৯টি দলিলপত্রের পাঠ ইতঃপূর্বে প্রকাশিত হয়েছে।[৬] সেজন্য একই সংগ্রহের এ-নবাবিষ্কৃত দলিলপত্রগুলোর ক্রমিক সংখ্যা ১২০ থেকে শুরু করা হল।

## তথ্যনির্দেশ

১. ক. আনিসুজ্জামান, আঠারো শতকের বাংলা চিঠি (চট্টগ্রাম, ১৯৮২),
   খ. আনিসুজ্জামান, পুরোনো বাংলা গদ্য (ঢাকা, ১৯৮৪),
   গ. পঞ্চানন মণ্ডল, চিঠিপত্রে সমাজচিত্র, দ্বিতীয় খণ্ড (কলিকাতা, ১৯৫৩),
   ঘ. মুহম্মদ শাহজাহান মিয়া, পুরোনো বাংলা দলিলপত্র (১৬৩৮–১৮৮২) [ঢাকা, ১৯৯১]।

২. দ্রষ্টব্য : পুরোনো বাংলা দলিলপত্র (১৬৩৮-১৮৮২), পৃ ১ (ভূমিকা)।

৩. স্মর্তব্য : অন্নদামঙ্গলকাব্যেও ভারতচন্দ্র এরূপ সংস্কৃত বাক্যাংশ ব্যবহার করেছেন। যেমন :

**ভবিতব্যং ভবত্যেব গুণাকর কয়।**

৪. স্মর্তব্য : সতের শতকের বেশকিছু বাংলা দলিলপত্রে পরগনাতি সনের ব্যবহার রয়েছে। [দ্র. 'পুরোনো বাংলা দলিলপত্র (১৬৩৮-১৮৮২)'-*গ্রন্থের সতের শতকে লিখিত দলিলপত্রসমূহ]*

৫. 'কৃষ্ণ'-শব্দ পূর্বাগত ধারায় কালক্রমে একীভূত রূপ পেয়েছিল। সতের শতক থেকে উনিশ শতক পর্যন্ত সময়ে অনুলিখিত নানা পুথিতে 'কৃষ্ণ'-এর একীভূত রূপ লক্ষ করা যায়।

[মৎপ্রণীত 'বাংলা পাণ্ডুলিপি পাঠসমীক্ষা'-গ্রন্থের 'একীভূত শব্দ'-শীর্ষক অধ্যায় দ্রষ্টব্য।]

৬. পূর্বোক্ত 'পুরোনো বাংলা দলিলপত্র (১৬৩৮-১৮৮২)'-গ্রন্থে ওই ১১৯টি দলিলপত্রের পাঠ মুদ্রিত হয়েছে।

# দলিলপত্রসমূহের মূলপাঠ

১২০

শ্রীদুর্গা

শ্রীচরণেষু
প্রণাম পুর্ব্বক নিবেদন বিশেষ ঃ
আশীর্ব্বাদপত্র পাইয়া জ্ঞাত হইলাম
টাকা ৫০ পঞ্চাষটা ও লাল শাড়ী ১ ও শাদা
ধুতী ১ ও ছাটের টুকড়া ১ খান ও কাশার থাল
১ খান ও পুস্তক ১ একখান পাঠাইয়াছেন
শরকারি সিন্দুকে রাখা গেল ভাল সংগতি
পাইলে দেষে পাঠান জাবেক গৌনে ভিন্ন
সিগ্র দেষে পাঠানের গতিক দেখা জাএ না
শরিরিক ভাল আছী জা ভাবনা মঙ্গল সমিতি
বিস্তারিত লিখীবেন চট্টগ্রামের পত্র পাওা গীয়াছে
শ্রীযুতরা কুশল আছেন কিমধিকং ইতী
শন ১২৫৫ তে ৫ শ্রাবণ

শ্রীকাশীনাথ
সেন

১২১

শ্রীহরিঃ

শ্রীরামানন্দ দাসস্য

সো... পত্র শ্রীস্বর্ব্বানন্দাধিকারি
তথা শ্রীরামনাথ মোগুল প্রিতি আগে
তোমার ঘরে মোঙ্গলাদি সদা চাহি তাহাতে য়ত্রানন্দ
পরং এখানে বার্ষিক তহসিল করিতে জে প্রামা-
নি পাই তাহা পত্রে কত লিখীব এইক্ষণ
মজুমন্দার মহাশয়ের ঘরে ৯ নএ টাকা পাঠাই
য়ধিকারি য়দ্য সেখানে জাইয়া মুকাবিলা বুজাই-
য়া তারিনী ঠাই দেওয়াইবা পশ্চাৎ আমি দেসে
আসিলে খত খালাস করিব এবং ১ এক টাকা
লক্ষীরদিয়ার আখড়ার খরচ পাঠাই সেখানে
শ্রীমতি জয় ঠাই পাঠাইয়া দিবা এই একুন ১০ দশ
টাকা শ্রীরাম উত্ত্বম ঠাই বুজীয়া লইবা এবং তাহাকে
কল্বি সিগ্রে২ এখানে পঠাইবা ইতি সন ১২২২
তে ২৮ আশাড়

১২২

৭ শ্রীরাম ঃ
শরন

আজ্ঞাকারি সদাপোস্য
শ্রীরামসংঙ্কর ঘোসজি

রিয়পুক নমস্কারা নিবেদনঞ্চাদৌ
আপনকার শ্রীচরন য়াসিব্বাদাত দুই-
তে এ নফরের প্রানগতিক কুসল বিসেষ ঃ
বছরাবুধি কোন সব্বাদা না পাইঞা বাড়ই
ভাবিত য়ছি আপনকাঐ...নগদ ১০০ টাকা প-
ঠাই তাহা লইঞা ৫০ পঞ্চাস টাকা তাহাকে
দিবা আর এখানে কীছু রোজকারের বিস-
য়াশই আমি মাসেক পক্ষেক পরে আসিঞা
পহচিছি ইতি শন ১২১৫ শন তারিখ ১৭ আসড়

[অপর পৃষ্ঠায় লেখা]

পরম পুজনিয় শ্রীগঙ্গা-
গোবিন্দ সিংহ মহাসয়

## ১২৩

৭ শ্রীজয়দুর্গা ঃ

সেবক শ্রীঅমর সিংহ শর্ম্মণ ঃ

ভূমৌনিপত্য দণ্ডবৎ প্রণামা পাদপদ্মে
নিবেদনঞ্চাদৌ মহাশয়ের শ্রীচরণাশির্ব্বাদে
সেবক জনার প্রাণগতিক মঙ্গলং বিশেষন্তু।
শ্রীমতী স্বর্ণময়ী দেব্যার অপত্য সম্ভাবনা অষ্টম
মাস প্রবর্ত্ত হইয়াছে এ প্রযুক্ত শ্রীমতীকে এ মাসে
নেওা ক্ষান্ত পাইলাম সম্মুখ মাসেও হয় না জানিবেন

যদ্যপি পাইকর হাটীর বিশ্বাস মহাশয় শ্রীমতী
দ্বিগেকে আনিতে জান তবে ছাড়িয়া দিবেন বিশেষ
শ্রীযুক্ত দুর্গাপ্রসাদ চক্রবর্ত্তির বাটীর কর্ম্ম কার্য্য চলা
ভার হইয়াছে অতএব তাহারা একজন চক্রবর্ত্তি
মহাশএর বাটীতে থাকিলেই কর্ম্মকার্য্য চলিবেক
এবং তরীবিয়ত হইবে আর শ্রীযুক্ত রাধানাথ
চক্রবর্ত্তি শ্রীমতী জগদীশ্বরী শ্রীমাণ রামণাথ চক্রবর্ত্তি
এহানা তিনজনেই ভাদ্রমাসে অতিশয় পীড়ান্বিত
হইয়াছিলেন পরমেশ্বরের ইছাতে আর
পরমায়ু আছে এ বিধায় আরোজ্ঞ হইয়াছে
এহিক্ষণ তাহাদ্বিগের সারিরিক কোণ পীড়া
নাহি সে জন্যে ভাবিত নহিবেন আর ৭ কার্ত্তিক
পাইকড় হাটী মোকামে গিয়াছিলাম তথাকার
সকলেই সারিরিক ভাল আছেন শ্রীযুৎ জগমোহণ
বিশ্বাস পুজোতে বাটীতে আইলাণ নাহি
তিনিহ পত্র লিখিয়াছিলেন সারিরিক মঙ্গল
সুনিয়াছি বিষয় কার্য্য অদ্যাবধি কিছু হয় নাহি
জানিবেণ আর শ্রীযুক্ত দুর্গাপ্রসাদ চক্রবর্ত্তির বাটীর মঙ্গল
আমারহ মঙ্গল জানিবেন লোকাগতে তথাকার
মঙ্গল লিখিবেন ইতি ৮ কার্ত্তিকস্য

[পৃষ্ঠার উপরের পাশে লেখা]

পুং শ্রীযুক্ত সম্ভূনাথ চক্রবর্ত্তি তাঐ মহাশএকে
আমার প্রণাম কহিবেন তাহার বিষয় শ্রীযুক্ত
চক্রবর্ত্তি মহাশএরা চেষ্টিৎ আছেন সকল খান
সুগোচ মত হইয়া ঘটে না চেষ্টাতে আছেন
পশ্চাৎ যেমন হয় তাহা লিখিব
ইতি

১২৪

৭ শ্রীশ্রীরাম

সেবক শ্রীরামসুন্দর সাহা দণ্ডবৎ
প্রানামা নিবেদনঞ্চ আগে মহাসএর
শ্রীচরন আসির্ব্বাদ হইতে এ জনের
প্রানগতিক কুসল বিসেষঃ কএক
দিবস হইল সংবাদ পাই নাই তাহাতে বুড়ই
ভাবিত আছি জাতাআতে মঙ্গলালাদি (মঙ্গলাদি)
সমাচার লিখিতে আজ্ঞা হইবেক ইহা
নিবেদন করিলাম ইতি তারিখ
১ বৈশাগ রোজ মঙ্গলবার

৭শ্রীশ্রীরাম
শন ১২২০শাল

১২৫

৭ঁ শ্রীকৃষ্ণঃ

সবিশেষ
পত্রে জ্ঞাত হৈবা
ইতি

কল্যাণবরেষু

শ্রীযুতা রানি ঠাকুরানি কল্য
প্রাতে রামপুরা রয়ণা হবেন

জ্ঞাতা কারণ লিখীলাম তুমি দশমী
তক রামপুরা রয়ণা হইবা তথাতে
দাদশী প্রত (ব্রত) করাইতে হবেক তাহাতে
শৈথল্য না হয় শ্রীযুতা কৃষ্ণ সুন্দরি
দেব্যা শারিরিক পীড়ার জন্য সস্ত্যয়ন

[অপর পৃষ্ঠায় লেখা]

করা জন্য ৫ পাচ টাকা দিতে চাহিয়া
ছিল তাহা এহিক্ষণে দিলেক না তুমি
তথা পৌহুঁছিয়া চারি দিবশ সস্ত্যয়ণ
করিতে হবেক তুমি শিবপুজার ক্রম দেখিয়া
শোড়শোপচারে জেমৎ পূজা ও হোম করি-
তে হয় তাহাতে পটু হৈয়া জাইবা
তুমি পূর্ণ্নিমা পর বাটিতে রয়ণা হৈবা
শোলকলার ব্রতের বরাত বাটিতে
আনীবা
বৈধব্যে প্রায়শ্চিত্তের শিব কীরূপ
নির্ম্মাণ করিতে হবেক তাহা জ্ঞাত হইয়া
শ্রীযুতাকে [জ্ঞাত] করিবা ইতি
তারিখ ৬ আশাড়

[পূর্ববর্তী পৃষ্ঠার নিচের পাশে লেখা]

পরম কল্যাণবর শ্রীযুত দুর্গাপ্রশাদ
চক্রবর্ত্তী কল্যাণবরেষু
মোকাম আমহাটী    চং মাটিকোপা

১২৬

শ্রীদুর্গা

মহামহিম শ্রীযুত গোলাম রছুল মুনশী
তথা শ্রীযুত গকুল কৃষ্ণ মুনশী মহাশআন
বরাবরেষু

দরখাস্ত শ্রীবনমালী শর্ম্মা চৌধুরি প্রতিবাদী আমার নিবেদণ এই মহাশএরা কাশীনাথ চৌধুরির শঙ্গে জে আমার মকর্দ্দমা তাহাতে শ্রীঅটল চন্দ্র শরকারকে মপশ্বল তদন্ত কারণ আমিণ পাঠাইয়াছেন তাহাতে শে বাদির শঙ্গে মিলিয়া তাহার আপণ একত্তার শাং আচুরা কৃষ্ণমোহণ শীল বাদির এলাকার লোক তাহার বাটীতে বাশা করিয়া আমার নামে ১০ ফালগুনের তারিখ লিখীয়া ১১ রোজ এক দণ্ড বেলা থাকিতে আমার বাটীতে এলান জারি করিয়াছিল আমি ১৩ ফালগুন চাকশার মোকামে জাইয়া আমিনকে খবর দেওাতে আমিন আশিয়াছিলেন তাহাতে আমি মাদবর ২ লোক মুকাবিলা তাহাকে কহিলাম আপণে পরনার হুকুম মোতাবেক বেএলাকার জাগাতে বাশা করেন আর আপনার শঙ্গে জে বাদির তরপ ১০/১২ জন লোক এহা রাখিয়া ... এহাতে দাঙ্গা কাজিয়া হইতে পারে তাহা তেনি না সুনিয়া ৫/৬ রোজ আমাকে টালবাহনা করিতে আমি বুঝিলাম জে আমিণ বাদির শঙ্গে মিলিয়া কোণ আরজি করিয়া থাকিবেক অদ্য মহাশএর ঘরে নিকট পৌচাতে জ্ঞাত হইলাম জে আমিণ আমার গরহাজিরি রেকট করিয়া এক তরফা তদন্তের হুকুম নিয়াছে অতএব প্রার্থিত আছি জে আমিণ নামে দোশরা পরনা জারি হএ জে আমিণ তোরফেল মোকাবিলা শাবেক মকররি পরনার দফাওারিয়াত মপশ্বল তদন্ত করিয়া কাগজাত দাখিল করে তোরফেল যে মুকাবিলা জে তদন্ত করে তাহা দাখিল না হএ এহার ওজবাত পশ্চাত দাখিল করিব ইতি শন ১২৫০ তে তারিখ ১৯ ফালগুন

[অপর পৃষ্ঠায় লেখা]

জে হেতু আমিনের আরজিতে প্রকাষ হইয়াছিল জে প্রতিবাদী গরহাজির আছে একারণ আমিণ প্রতি এক পক্ষে তদন্তের আদেশ হইয়াছে

জে২ দিবষ মধ্যে ইশুহার জারি করিয়া প্রতিবাদী হাজির নাইলে এক পাক্ষরুপে তদন্ত করে তাহাতে এমত হুকুম নাই জে প্রতিবাদী হাজির থাকিলে এক

পক্ষ রুপে তদন্ত করে অতএব হুকুম হইল জে প্রতিবাদী হাজির হইলে প্রথম হুকুম মত উভয় মোকাবিলা তদন্ত করে কম্বিয়া কাগজাত দাখিল করে আর এই দরখাস্ত প্রতিবাদির হাওলা করা জাএ জে আমিণ নিকট দিয়া রশীদ লএ এবং অন্য শালিশ নিকট দরপেষ হয় ইতি শন ১৮৪৪ তারিখ ১ মার্চ মোং ১২৫০

তারিখ ১৯ ফালগুন

হুকুম হইল জে উক্ত শালিশের রাএ মজুর পূর্ব্বক আমিণ নিকট এই দূর পাঠাণ জাএ ইতি শন হাএ ও তারিখ হাএ উপর উক্ত

১২৭

শ্রীদুর্গা

৭ং নিশাণ শহি
শ্রীগউর চন্দ্র পূরোহিত

... দেয় স্থানে লিখীতং
... (শ্রীগউর চন্দ্র) পূরোহিত সাকিম ঘোষকামতা
... (পরগনে) য়ম্বরাবাদ কস্য নৌকা কেরায়া
... (পত্রমিদং) কার্য্যঞ্চাগে আমি আপনার
ঘাট হইতে একখান নৌকা জার গা কাষ্ঠের ...
দির্ঘে মএ গোলই ১৮ হাত পাষে ১। হাত উভে ১। হাত
খোরাক আন্দাজ ১৫ পোনর মন এহ নিয়মে ইস্তক
আশাড় লাগায়ত ৩০ অগ্রহায়ণ মুদ্দত ছএমাষ মেয়াদে
কেরায়(া) লইলাম মুনাফা মং ৩ তিন টাকা কোমপানি
মুদ্দত মজকুর মধ্যে বিনা ওজরে আদাএ
করিবম ৬ ইশ্বর না করে জদি আনন্দ উৎসব
হয়ে তবে নৌকার মূল্য মবলগ ১২ বার টাকা
কোম্পানি দিবম আর আপনার নৌকার বাইষ

বাহণ করিয়া আপনার নৌকা ঐ মেয়াদে নৌকা
ঘাটে পহুচাইয়া দীবম ইতি শন ১২৫৮ শন তা ৫ আশাড়

[অপর পৃষ্ঠায় লেখা]

ইয়াদ্দি
শ্রীসুয়া গাজি
সাং কৃষ্ণপূর
ইয়াদ্দি শ্রীপাচকোড়ি সাং ঘোষ কামতা

১২৮

৺ শ্রীশ্রীদুর্গা

শ্রীলক্ষীনারায়ন শর্ম্মন

নমস্কারা নিবেদনং বিসেষ ঃ–
তোমার সারিরিক মঙ্গল জ্ঞাতো হৈয়া
পরিতোষ হৈলাম পরং শ্রীমতি উমা
সুন্দরি এথাত্ ছিল সে বিস(য়) (য়)নেক
লোক য়নেক বিসয় বদনামি করিবেক
তাহাতে আপণে কর্ণ্ণপাতন হৈবে না
কেননা শ্রীযুতা এ মাতা ঠাকুরাণী ডাক
মণ্ডপ জাওা অবধি আমি কুত্রাপী
পাদার্পন করি নাহি সে বিসয় কোন সন্দে-
হ করিবেন না অত্র মঙ্গল নিজ মঙ্গল

সতত্ লিখিয়া পরিতোসিবেন ইতি শন ১২
৬৫ শাল তারিখ ৭ আশ্বিন

[অপর পৃষ্ঠায় লেখা]

মহামহীম শ্রীযুত রাজিবলোচন
চক্রবর্ত্তি মহাসয়

১২৯

শ্রীরাম

৭ঁ আজ্ঞাকারি শ্রীরাম নবশীংহ শর্ম্মনঃ

নমস্কারাপূর্ব্বক নিবেদনমেতৎ
আপনার শারিরিক ব্যেমহ হইয়াছিল
এহার কিছু মাত্র তত্ত জানি না শ্রীমান
নশাই বন্দ্যোপাধ্যার জন্মমাত্র আপনার
ঘরে বাটীতে লোক জে গীয়াছিল তাহারা
আমার ঘরে ঠাই কিছু মাত্র কহীয়া জাএ নাই
অতএব আপনার শাক্ষাত পত্র লিখিতে পা-
রিলাম না এহাতে আপনে অনুজোগ ক-
রিতে পারেন এইক্ষণ জদি রক্ষা পাএ তবে
আপনার আন্বিকের বর বল তাথে জদি রক্ষা পাএ নতু-
বা আমার কিছু মাত্র কোন মাত্র কোন বল নাই
এমত জানিবেন

শকল লিখীয়া দিতেছী আপনে
একটী ভাল লোক ডাকাইয়া
ভালমতে বুঝীবেন
ইতি ২১ মাঘ

[অপর পৃষ্ঠায় লেখা]

অশেষ গুনোপার্জ্জিত যশঃ প্রকাশীকৃত ঃ
শ্রীলশ্রীযুক্ত কৃষ্ণকিঙ্কর চক্রবর্ত্তী
শ্রীচরণেষু
নিবেদনপত্র শ্রীরাম নব শীংহ শর্ম্মা

[এই পৃষ্ঠার একস্থানে লেখা আছে : 'শক ১৭৩৪']

১৩০

শ্রীরাম ঃ

ফরমাবরদার
শ্রীরুদ্ররাম শর্ম্মণ ঃ

সেলাম বহুত২ নিবেদনঞ্চ।
আদৌ শ্রীযুত সাহেব দৌলত
জেয়াদা হামেশা চাহি তাহাতে
আপন খয়ের বিশেষঃ। কাদির
শ্রীরামবল্লভ চক্রবর্ত্তি ও শ্রীরামা-
নন্দ চক্রবর্ত্তির ঝগড়া তজবিজ করি
পঠাইয়াছিলেন এ ঝগড়া বুঝিতে
আমার বাধ্য নহে অন্যত্র মধ্যস্থ
দিতে আজ্ঞা হবেক নিবেদন করিল
ইতি তেরিখ ২৫ শ্রাবণ

১৩১

শ্রীদুর্গা

৭ং ত্বদীয় শ্রীবিষ্ণু শর্ম্মনে
নতি নিবহা নিবেদনমিদং
আমার বিদশার সমাচার কি লিখিব
২২ বৃহস্পতিবার আড়াই প্রহরের
পর অগ্রজ মহাশয়ের ৺ প্রাপ্তি
হইয়াছে এককালে সংহার হইল
আত্ম ইছায় নয় ভাবিয়া করি কি
সে যে হউক॥ সম্প্রতি নিবেদন
ভাদ্রের প্রথম রবিবার কৃত্য
হবেক অধিষ্ঠান করিয়া
সম্পন্ন করিবেণ। সাতৈর এবং
আখড়ার যে২ সামাজিক ওখানে
আছেন তাহানদিগের নিমন্ত্রণ
করিবেণ সর্ব্বতোভাবে কর্ত্তা
মহাশয় নিবেদন করিল
ইতি তেং ২৫ শ্রাবণ

[অপর পৃষ্ঠায় লেখা]

পুনশ্চ শ্রীসোনাই দরানির
স্থানে ১ একটী টাকা পাঠাই
লবন খরিদ কারণ নিবেদন
করিল ইতি

১৩২

শ্রীশ্রীহরি

শ্রীঈশ্বরচন্দ্র শর্ম্মণ
ময়ুমদার

শ্রীযূত রমন কৃষ্ণ রায় সচরিত্রেষু
লিখীতং শ্রীঈশ্বরচন্দ্র শর্ম্মণ ময়ুমদার শুভলগ্নন পত্রমিদ ঃ
কার্য্যঞ্চা আগে আপনার পিত্রিভোত্রতা শ্রীযূত গৌরশুন্দর রায়র
সহিত আমার ভ্রতি কন্য শ্রীমতি পদ্যমনি দেবি নামিনির
সহিত শুভসমন্দ নির্নয় করিয়াছি তাহার বিবাহের দিবষ
২১ আশ্বীন শুক্রবার ধার্য্য করিলাম করিলেন দৈদাতি সামিগ্রীরি
করিয়া শুভকার্য্য প্রবর্ত্ত হইবেন হইলাম ইতি শন ১২৬১ শন ১৮ আশ্বীন

১৩৩

শ্রীশ্রী ...

শ্রীসেক কলম(দ্দিন)
শাং সৌদুর গাও

মহামহিম ৭ শ্রীযুত কালি শংকর তর্কা-
লঙ্কার তালুকদার বরাবরেষু
লিখীর্ত্তেং শ্রীশেক কলমদ্দিন কশ্য শরবরাকারি কবুলিয়ত
পত্রমিদং কাজ্জঞ্চাগে আপনার নিজ তালুক তপে মহেশরদি

এহাতে মু তালুক রাম শরন শামসুন্দর গোপ্ত আপনার নিজ
খরিদা হিং ১০ আনি ও কীং পাচ কান্দি বনামে তালুক কাশিশ্বর
ভট্টাচায্য জমী ব্রহ্ম উত্তর আনন্দরাম ভট্টাচায্য এহাতে ...
বনিজ হিশাহিং ১২ আনি ঐ দুই মৌজাবাদে বাকী মৌজ মৌজে
শদুর গাও ও কীং আরানি বেকারপার ও কীং চাকধা বনামে
তালুক মন্নহর ভট্টাচার্য্য ও কীং আরানি বেকার পার তাং বিশেষ-
শর ভট্টাচার্য্য লিখা জাএ এহাতে আপনার নিজ হিশা ।. আনি ...
কিং আরানি বেকার পার তালুক বিশেষশর ভট্টাচার্য্য মু আ ...
রাম ও আশারাম চক্রবত্তি আপনার নিজ হিং ২ আনি ...
বাগ মও ব্রহ্মউত্তর ভবানি শংকর কাশিশর ভট্টাচার্য্য বশত ...
নিদা বলাই চঙ্গ এহাতে আপনের নিজ হিশা ।. আনি ও কীং (বেকার)
পার তালুক বিশেষশর ভট্টাচার্য্য মু বাড়ি ব্রহ্মচারি এহাতে
আপনের নিজ হিং ১২ আনি এশকল উক্ত হিশা শরবরা
কার্য্যে আমী মকরার হৈলাম আমী হামেশা হাজির থাক(ীয়া)
খাজানা আদি গএরহ উশল তহশিল করিআ আপনার ...

[অপর পৃষ্ঠায় লেখা]

... আমালাত দেওানত শাবুদ রাখীআ
কাজ করিব বেআইন বেকানুন কোন কার্য্য করিব না জদি
শ্যাত্র করি আমার আপন জিম্মা শরকার শইত এলাকা
নাই আমার মাহিনা মৌজার দস্তুর মতে পাইবাম মহাল
মজকুরের নিকাষ জমা বন্দি চিটা তৈরি মএ লোয়াজিমা এক
প্রহস্ত কাগজ আপনার শরকারে শন আখের দাখীল ক(রিব)
আপনে প্রকৃতিস্থ থাকীআ জখন জে হুকুম দেইন
শেই হুকুম অনুসারে কাজ্জ করিব বাজে জমা বাজে দফা
জখন যে উপস্থিত হএ তাহা আমী আপনার শাক্ষি-
আত উপস্থিত করিআ ...রিব জদি শ্যাত পুশীদা
মতে হএ তাহা আমী চালাক মতে আপনার নিকট প্রকাষ
করিব এতদার্থে কবুলিয়ত পত্র লিখীআ দিলাম
ইতি শন ১২৫৮ শন তা ৩ কার্ত্তিক

ইশাদি
মরকুমা
শ্রীশেক আলাবক্স
শাং আছবরপুর

ইশাদি
শ্রীশেক মেমালি
শাং সদুর গাও

১৩৪

৭ শ্রীদুর্গা

লক্ষ্মীনারায়ণ

শ্রীশ্রীচরণেষু
এথাকার বিস্তারিত পূর্ব্বে দুই পত্রে
লিখিয়া জ্ঞাতো হইয়া থাকিবেণ আমার
দিগের গ্রামী শকলের এবং গুনাইগাছার
এবং নিজ বাড়ির মঙ্গল তদর্থে চিন্তিত
ণহিবেন আপণকার দিগের শারিরিক
মঙ্গল লিখিবেণ পাট কি পর্য্যন্ত হইয়া
ছে তাহা লিখিবেণ তথাকার কি প্রকার
প্রণালি হইতেছে তাহার সবিশেষ লিখিবেণ
ভৈরব সান্যালের জে জোত মল্লি চক ছিল
তাহা অন্বত্র পত্তণ হয় জদি রাখা
কর্ত্তব্য হয় লিখিবেণ এথাকার কোণ
বিশয় ভাবিত ণহিবেণ আপণারা শতত
শাবধাণ থাকিবেণ সস্ত্যয়ণ কিঞ্চিৎ
হইতেছে এবং ৺ ঠাকুরের শেবা
হইতেছে এবং অতিথি শেবা হইতেছে
তদর্থে চিন্তিত ণহিবেণ তৈল অতিশয়

মূল্য শেমতে টাকা দিই নাহি জদি ণা
তৈল তামাকু আণিবেণ শ্রীচরণে ণি-
বেদণমিতি তাং ২৭ চৈত্রস্য

পুঃ ১৬ চৈত্রের লিখণ পাইয়া জ্ঞাতো
হইলাম মাটি তোলার বিশয় লিখিয়া-
ছেন দালাণের দক্ষিণে উঠাণ গিয়াছে
অখণ লাগাএদ বৃষ্টি ণা হওাতে ধাণ্য
মূল্য হইয়াছে জদি বিবেচণাতে হয় তবে
ধাণ্য বিক্রি করিব কিন্তু অণাবৃষ্টিতে
ক্রমেই মাহাম হইবেক বিবেচণাতে জে হয়
লিখিবেণ তৈল ছয় শের ভাও অখণ
তিল আবাদ হয় ণাহি ইতি

১৩৫

৭ শ্রীদুর্গা ৭ শ্রীশ্রীদুর্গা
শহায়

সেবক
শ্রীশিবশঙ্কর শর্ম্মন ঃ
প্রণাম পুর্ব্বক নিবেদণঞ্চ আদৌ
মহাসয়ের চরণাশীর্ব্বাদে আমার প্রাণগতিক
কল্যাণ বিশেষ আপণে গীয়াছে জেভাবে দেখিয়া
সেহি ভাবে আছেণ বিরাম বোদ হয় নাহি আপণে
কলাগছি লিখণ লিখিয়াছেন কীনা তাহা বুঝি না আপণে
এথাত একবার অদ্য পহছিবেণ তাহা হইলে নাকালিয়া হইতে
কবিরাজ আনান এমত শকলে কহিতেছে সে কারণ আপণ-
কার আসার কারণ লিখিলাম তাগাদ আসীবেণ

আর সোণামুগ জদি পান তবে লইয়া আসিবেণ
নিবেদণ ইতি তারিখ ২৫ মাঘ

[অপর পৃষ্ঠায় লেখা]

পুয্যতম শ্রীযুত কাশীচন্দ্র শীদ্ধাং(সিদ্ধান্ত)
মহাশয় চরণেষু
পরমপূজণীয় শ্রীযুত কাশীচন্দ্র
পণ্ডিত মহাশয় শ্রীশ্রীচরণ কোমলেষু
মো হরিপুর
চলিৎ শালিখা

১৩৬

শ্রীশ্রীরাম

পরম শুভাশী—
প্রয়োজনঞ্চা আগে
শ্রীমুনীরাম চক্রবর্ত্তী
ছিমাল চড়া একখানা বাড়ী
করিয়াছেন ব্রাহ্মনের বশত
বাড়ী জে কাল বশতি করেন কৌড়ী
তনয় নহিবেক ব্রাহ্মনের বেগর
পৌর করিয়া ইতি তে ১০ বৈশাখ

[অপর পৃষ্ঠায় লেখা]

পরমকল্যাণবর
শ্রীযুত রুদ্ররাম

১৩৭

শ্রীদুর্গা
সন ১২৫২

শ্রীভোলানাথ দাষ
শাং বহর

মহামহিম শ্রীযুক্ত হরানন্দ
ভট্টাচার্য্য মহাশয়েষু
রসিদ রুপাইয়া বাবদে নৌকা
কেরাইয়া লিখীতং শ্রীভোলানা-
থ দাস ম্যাঝি ওলদ্ধে রাজকৃষ্ণ
দাস জয়ুমদার (ময়ুমদার?) মোতফা সাং
বহর থানে রাজাবারি জিলে ঢা-
কা আপনের সরকারে ৬৲ ছয়
টাকা দরমাহাতে চাকর হইয়াছি-
লাম মুদ্দত ১৩ রোজ খাটিয়া
তাহার মাহিনা দরমাহা হিসাবে
মবলক ২॥২১২ দুই টাকা দশ আনা
বাড় গণ্ডা শ্রীযুত রবিলোচন চক্রবর্ত্তী
মহাসয়ের মারফ(ত) বুঝিয়া পাইয়া
রসিদ দিলাম
ইতি সন ১২৫২ তাং ৮ আশ্বীন

[অপর পৃষ্ঠায় লেখা]

| | |
|---|---|
| ইসদী | নিসানশই |
| শ্রীশিবনন্দ | শ্রীবঙ্গচন্দ্র দত্ত |
| শর্ম্মণঃ | সাং তথা |
| সাং রাজনগর | |

১৩৮

৭ শ্রীরাম

শালিখার প্রজাকর্ম্মচারী
সুচরিতেষু। শ্রীগদাধর ভট্টাচার্য্য
কহিলা ইহার বাড়ীর পশ্চীমে খাশের
একটা মাটীকাটা গর্ত্ত আছে তাহাতে
গত শনেহ ইনি মাটী কাটীয়াছেন
ইম শনে শ্রীমানিক চক্রবর্ত্তী আপন
বাড়ী শারান করিতে চাহে ইহারে
মাটী কাটীতে দেএ না খাশের স্থাণর
মাটী ভট্টাচার্য্য কাটীতে কেহ মুজাহিম না হএ

[পৃষ্ঠার উপরের পাশে লেখা]

বাড়ী শারানর (কাজ) করিতে না দিলে ফের নালিষ না হয়
তে ২০ আশাড় শন ১১৮৭ শতাশী

১৩৯

শ্রীরতিকান্ত শর্ম্মণ ঃ পরম শুভাশীর্ব্বাদা ঃ
সন্তু বিশেষঃ পত্র পাইয়া সমাচার জ্ঞাতা হইলাম
খরচ জে পঠাইয়াছিলা তাহা পাইলাম ধান্যগুটিক
খরিদ করিয়া রাখ্যাছি তদর্থে ভাবিৎ নহিবা শ্রীযুত ব্রহ্ম-
চারির জমির ধান্য রাজমোহ[ ন চৌধুরী খামাখা কাটিয়া
লইয়াছিল সে ধান্য লইয়াছি আমারা সারিরিক ভালই আছি
তদর্থে ভাবিৎ নহিবা তুমি তথাতে রহিয়াছ অখন [অ]ত্যন্ত

শীত এবং মহাক্লেশ আর পুঠিয়াতে ৫ মহাভাব আরম্ভ
হইয়াছে তাহার ব্রতী সকল স্থীর হয় নাহি শ্রীযুত
কৃষ্ণ চান্দর গ্রাম গ্রাম জে জে অধ্যাপক আছে
তাহার ২ বিদায় ও দান পঠাইয়া দিয়াছেন এ সময়
তথাতে পহুছিলে এক তরফে থাকীতে পারো এবং আর ২
কর্ম্ম হয় শীঘ্র আসিবা লোচণ সাহা অত্যন্ত কাহিল হইয়াছে
তথাকার লোক সঙ্গে করিয়া সাবধানে আসিবা পঞ্চাণণের
জাওার নিশ্চয় নাহি সে অপক্ষাতে থাকীবা না ইতি ৩ পোষস্য

[অপর পৃষ্ঠায় লেখা]

পরম কল্যাণবর শ্রীযুক্ত
কাশীকান্ত সিদ্ধান্ত
মোকাম সালিখা
চলিৎ তাঁতিবন্দ

১৪০

৭ঁ শ্রীশ্রীদূর্গা

শ্রীজগতচন্দ্র শর্ম্মণ চক্রবর্ত্তী

মহামহিম শ্রীযুত মে ঃ ভল্বব শাহেব মোং কুটী মিরগঞ্জ
বরাবরেষু
দরখাস্ত শ্রীজগতচন্দ্র শর্ম্মা চক্রবর্ত্তী শাং খোকশাট গরিব পরওার শেলামত
আমার আরজ এই পরগণে শজৌর খারিজা মজ্কুরি কীং রামরায় দত্ত গঙ্গাপ্রশাদ
মজুমদার দিগর আমার ব্রহ্মত্তর উক্ত গ্রামে ২ দুই বন্দ জমী পুরশানক্রমে]
ভোগ দখল করিয়া আসীতেছী ঐ গ্রামর তালুকদার শ্রীযুত ভোলানাথ রায়
শাহেবকে মৌরাশী পাট্টা দিয়াছেন গ্রাম মজ্কুর জরিপ করিয়া আমার ঐ

ব্রহ্মত্তর জমী ক্রোক রাখিয়াছেন হুকুম হয় আমার নিকট দলিল দস্তাবেজ
লইয়া এষু* ঐ তালুকদার বর্ত্তমাণ আছেন তাহাকে তলব দিয়া আমার
জর্থাত্ত ব্রহ্মত্তর জমী খালষ দিতে আজ্ঞা হয় আমী গরিব ব্রহ্মণ
আমার প্রতি নেক নজর করিয়া আমার জমী খালাষ দিতে আজ্ঞা
হয় ইতি তে ২৩ আশাড়

[অপর পৃষ্ঠায় লেখা]

হুকুম হইল শ্রীযুত ভুবণমোহণ দাষ
দরখাস্ত জ্ঞাতো হইয়া দস্তাবেজ দরপেষ করিবা
ইতি তে ৬ জুলাই
১৮৪৭
[ইংরেজিতে স্বাক্ষর (অস্পষ্ট)]

* এষু=এগুলোতে । [সং.]

১৪১

৺শ্রীদুর্গা শহায়

সেবকানুসেবক শ্রীজগচ্চন্দ্র শর্ম্মণঃ
কোটি কোটি প্রণামা নিবেদনঞ্চাদৌ ভবৎ পাদ্যমনবর-
ত বিভাবনীয়ং তেনাস্মৎ শারি(রি)ক কিঞ্চ মঙ্গলম্বিশেষঃ
নিবেদন এই মহাশয় যে স্থানে গীয়াছিলেন তাহা মিথ্যা
অন্যত্র চেষ্টা করিবেন আর ৺ মাতৃ ঠাকুরাণী পীড়াবৃদ্ধি হই-
য়াছে শুনিলাম ঔষধি এবং তৈল প্রস্তুত পায়া জায় না
কবিরাজ দিগের নিকট জিজ্ঞাসা করিলাম তাহা(রা) কহি-
লেন মাস তৈল ব্যবস্থা বিবচনাপূর্ব্বক জা হয় করিবেন
আমার কাসের ব্যামহ ছিলো তাহা শারিয়াছে আমা(র)

ধুতি কাপড়ের ক্লেশ গামাছা এক্ষনে আ(ব)-
শ্যক পাঠাইবেন গামছা নাই জানিবেন আর বাটীর (শ্রী)-
মানদিগের মঙ্গলাদি সংবাদ দিবেন নিবেদ(ন ইতি).
পুনশ্চ মাতুল মহাশয়ের দিগের বাটীর মঙ্গল জানিবেন
জ্ঞাতো কারণ লিখিলাম

পরমারাধ্যতম শ্রীযুক্ত ৺ পিতৃ ঠাকুর
বৈদ্যনাথ চক্রবর্ত্তি মহাশয় শ্রীশ্রীচরণাবয়েষু
মোং খোকশা

[অপর পৃষ্ঠায় লেখা]

পুং আমি আশাড়ের ৫/৬ পর্য্যন্ত একবার
কোন স্থানেইভিধান পড়িবো তাহা চেষ্টা করিবো
দুইজনের সম্মত যে স্থানে হয় জ্ঞাতো হইয়া রথ-
যাত্রা পর এ স্থান হইতে জাইবো নিবেদন কিম-
ধিকমিতি তাং

১৪২

৭শ্রীশ্রীকৃষ্ণঃ
শহায়

নিশান
শহি
শ্রীসেক আব্দলস্য
শাং ধোবাডাঙ্গা

ইয়াদীকার্দ্দ
শ্রীবাসিরাম দাষ

সুচরিতেষু লিখিতং শ্রীশেক আদ্ব-
লস্য সরখত পত্রমিদং কার্য্যণঞ্চ
আগে আমি মহাশএর স্থানে হাটীয়া
চাকোর রহিলাম আমার মাহিনা দরমাহা
সিক্ক্যা ১ এক টাকা পাইব তাহার আগাউ
মাহিনা ১ এক টাকা পাইয়া ১৫ই পৌষ কার্য্য
প্রবত্ত হইলাম ইস্তক পোদ্দরউঐ্রী পৌষ
লাগাইদ আশাড় হামেসা রুজু থাকীয়া
মহাশএর দাষ কর্ম্ম আদী করিব তাহাতে
গফিলী করিয়া কার্য্যকর্ম্মে খেসরত
করি তবে মহাসএর বাইন বুনাএদের
নিসা করিব ইতি শন ১২১১ শন
তে ১৫ পৌষ

[অপর পৃষ্ঠায় লেখা]

ইশাদ

| | |
|---|---|
| শ্রীফকীরচন্দ্র নন্দী | শ্রীভরতরাম দাষ |
| শাং চর রামদিয়া | শাং য়াঠচর |

১৪৩

৭শ্রীশ্রীদুর্গা

শ্রীকাশীশ্বরণ শম্যণ

প্রণামা নিবেদণঞ্চ বিশেষঃ
এথাকার গতিক কি লিখিব আমী ও শ্রীমাণ

দুহয়ে কাহিল ৺পুজার জে প্রকার দুর্য্যগ
তাহা কি লিখিব সন২ শ্রীরামনারায়ণ পাল
প্রতিমা তইয়ার করিতেছীল তাহার পহুছার
গৌণ দেখিয়া শ্রীশষ্ঠী রামেক পঠাণ গিয়াছীল
তাহার কোন খোজ পায় নাহি অখন প্রতিমা
আণার কারণ কলম নিজে জাইতে হৈল আর২
আয়জণ কিছু মাত্র হয় নাহি পরম প্রায়
সুনিলাউ জে খোজ গঙ্গাভক্তীতরঙ্গীণী এক স প্রজা
গাইন আশীয়াছে শে কারণ লোক পঠাই পুজার
দিবষ পচীষ অথবা ত্রিষ জদি হয় স্থির করিয়া খাটী
রাএনা করিবেণ নিহাত না হয় অগ্বত্তর স্থির
করা জায় নিবেদণ ইতি তারিখ ১ আশ্বীণ

[অপর পৃষ্ঠায় লেখা]

পরমপুজনিয়
শ্রীযুত রাম ভট্টাচার্য্য মহাশয় চরণেষু

১৪৪

৭সেবক শ্রীনাগরচন্দ্র দাশ
দণ্ডবৎ প্রণামা শমুহ নিবেদনঞ্চাদৌ
মহাশয়ের শ্রীশ্রীচরনাশীর্ব্বাদে
এ সেবকের প্রানগতিক অত্র কল্যানবিশেষঃ
শ্রীরোবাল পাইক মারফত আশীব্বাদ
আজ্ঞাপত্রী পাইয়া অনুভূত হইলাম
মৌজে শোনাপাড়ার পাচ টাকা খাজানা
ও মামুলী তহরির তিন টাকা একুণে ৮ আট
টাকা পঠাইয়াছেন মোহাফীক চালান

পহুঁছিল পুন্নাহা পাচএ্রী তারিখে হইয়া
খাজানা নাটোরে চালান করা গীয়াছে
নায়ের এ মোকামে নাহি শেরপুর প্রদত্তায়
নিকট গীয়াছেন গোব্যবাদ্যে নিবেদন লিখীলাম
অপর বিহি গ্রামের বিশয় পুর্ব্ব নিবেদন
করিয়াছী শ্রীযুত মযুমদার মহাশয়েক·
কহিয়া জে (করিতে) পারেন লিখিতে
আজ্ঞা হ(বেক) (শ্রীচর)ণে নিবেদন ইতি
তারিখ–৭ জৈষ্ঠ*

* পত্রটির অংশবিশেষ ছিন্ন।

১৪৫

৭ শ্রীশ্রীরামঃ

সেবক শ্রীরামকেসব দাশষ্য
দণ্ডবৎ প্রণামা নিবেদনঞ্চাদৌ
মহাশএর চরণাশীর্ব্বাদে অত্রানন্দ
বিশেষঃ শাহা মারফত আশীর্ব্বাদ
পত্রীতে সমাচার জ্ঞাতা হৈলাও পঞ্জীকা
বিশয় লিখিয়াছেন নাটোরের হৈতে উকীল
তিণ মাশের পঞ্জীকা পঠাইয়াছে তাহা
জে লোক নকল করিয়াছে শে ভাল লিখে নাহি
তাহা মহাশএ নিকট সারিবেক পঞ্জীকা পঠাই
নকল লয়া পঠাইবেন শ্রীমাণের কর্ণ্ণবেদের দিবশ
করিয়া সিগ্র লিখীতে আজ্ঞা হবেক ইহা নিবেদিল
ইতি তারিখ ২ বৈশাখ
পত্রে অনুভূত হৈয়া কার্য্যর ৩ রোজ পাইবা

[অপর পৃষ্ঠায় লেখা]

পরম পুয্যত্তম
শ্রীযুত রাম ভট্টাচার্য্য মহাশয় চরণেষু
শ্রীকৃষ্ণ শ্রীহরি শ্রীদুর্গা

১৪৬

৭শ্রীহরিঃ শরণম্

নিয়ত শুভানুধ্যায়ি শ্রীত্রিলোচন শর্ম্মণঃ পরম শুভাশীর্ব্বদাঃ
সন্ত্বাদৌ বিশেষঃ পরঞ্চ কথক দিবসাবধি তোমার মঙ্গল বার্ত্তা না পাইয়া উদ্বিগ্ন আছি আমি ১০ ফাল্গুণ বর্দ্দণকোটি মোকাম পহুঁচিআ ১৬ চৈত্র বাটীগমন করিতেছি অর শ্রীযুক্ত কালীকান্ত পঞ্চানন অতি বিশিষ্ট সন্তান কএক ভ্রাতা সকলেই পণ্ডিত সম্প্রতি পৈতৃক স্থান ত্যাগ করিআ পং বাজীৎপুর মৌজে বগচর শ্রীযুক্ত রাএ জীবনাটে এক বৎসর হইলো বাটী করিআছেন ইহারা আমার্দিগের কুটুম্ব অতি আত্মীয় মতে আমার এ বিষয় উপরোক্ত ইহার্দি(ন) নির্ব্বাহে সংগতি নাই এবং বাটীখানির মালগুজারি লাগে ছাত্র কএকটির ভক্ষণীয় দিতে হএ ইনি জাইতেছেন তথাতে শ্রীযুক্ত বৈকুণ্ঠ সিংহ দেওানজিকে কহিআ শ্রীযুক্ত রাএজি ও দেওানজি সকলের সহিৎ সাক্ষাৎ করাইআ জাহাতে ইহার উপকার হএ তাহা করিবা দূর দেশে সুখ্যাতি পুন্য প্রতিষ্ঠা গতায়াতে নিজ মঙ্গল লিখিআ পরিতোষ করিবেন ইতি তাং ১৬ চৈত্রস্য

[অপর পৃষ্ঠায় লেখা]

প্রাণাতিরিক্ত শ্রীযুক্ত লোহারাম সিংহ বাবাজি চিরজীবিনি এ লিপি পাহাড়পূর পহুঁচে ইতি

১৪৭

৭শ্রীশ্রীকৃষ্ণ শরণং

৭প্রণামা নিবেদনঞ্চ বিশেষঃ
পরগনে মুণ্ডজীপুরের ৺ রি(=হরি) পুজার
ব্রাহ্মন না থাকাতে শ্রীযুত ভানুজী ঠাকুরেক
তথাত পঠান গেল আপন কাকে রাজধানীর
৺ রি (=হরি) পুজা করিতে হবেক ইহার মত জে বিধান
করিবেন ইতি ৬ কার্ত্তিক
শন ১২৩১ শাল বাঙ্গলা
নিবেদনোঃ

[অপর পৃষ্ঠায় লেখা]

পুয্যত্তম শ্রীযুত কালীপ্রশাদ ভট্টাচার্য্য মহাশয়

১৪৮

৭শ্রীশ্রীরাম

আজ্ঞাকারী শ্রীকির্ত্তি নারায়ণ শর্ম্মনঃ
প্রনামা নিবেদণঞ্চ আদৌ মহাশএর আশীর্ব্বাদে
প্রাণগত কুশল বিশেষ নিবেদণ আপণে দুই এক রোজ
মধ্বে আমার বাটিতে আশীবেণ আপণকার জোতের
না২ মত ফেরেব করিয়া জোত বেদখল খরচা নাগাল মত লবে
করিয়া গুস্থ শরদার আর২ কএক জোণ প্রজা গুস্থ শরদারেক

কর্ম্মচারি মানিয়াছে আমী পাচ শাত জোন রায়ত শমেত
গুস্থকে কর্ম্মচারি মানী নাই আপণে সণেয় কনষ্টেক পত্র
লিখিবেন জে গুস্থকে খাজানা দেয় না এহিক্ষণ খরচা ১৷৷২
একটাকা দষ আণা তলপ রাখে তাহা আমী নিতে দেই নাহি
এহি বিশয় চাকলাতে ইত্যালা দিয়াছি দোশরা কর্ম্মচারি হই
বেক আপণী সাক্ষাত হইলে সকল নিবেদণ করিব নিবেদণ
ইতি ১৭ ভাদ্র

[অপর পৃষ্ঠায় লেখা]

পরম পুজনীয় শ্রীযুক্ত কাশীপ্রশাদ
ভট্টাচার্য্য মহাশয় চরণেষু

১৪৯

৭শ্রীশ্রীদুর্গা
রাম গোবিন্দ

৭শ্রীহরিপ্রসাদ শর্ম্মণঃ নতিপূর্ব্বক নিবেদনমেতৎ
দিন কএক হৈল আপনকার মঙ্গলাদি পাই নাই লিখিয়া তুষ্ট
করিবেন পরং সিংহ ডাঙ্গাতে রামায়ণ গ্রন্থারম্ভ হৈয়াছে সে কারণ
লোক পঠাই বর্ষালের যে গ্রন্থ তথাতে আছে জায়মত এহি
লোক স্থাণে দিবেন বাহনা কদাচ করিবেন না শ্রীযুত
ভট্টাচার্য্য মহাশয়ের অভিপ্রায় মত লিখিলাম অবশ্য
দিবেন নিবেদনমিতি
তে ১ আষাঢ়ে
জায়

সুন্দরা ১
লঙ্কা ১
উত্তরা ১
৩ তিন খাণ
ইতি

[অপর পৃষ্ঠায় লেখা]

অশেষ শাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত কালীপ্রসাদ ভট্টাচার্য্য মহাশয়েঃ
পুনর্ণিবেদনং শ্রীঃ
আপনকারদিগের লঙ্কাকাণ্ড থাকে তাহাই অবশ্য দিবেণ
নতুবা সেহি খাণ দিবেন ইতি

১৫০

৭শ্রীশ্রীরাম

মৌজে চোপীনগরের
প্রজাকর্ম্মচারি প্রতি আগে
ইছাইদহের শ্রীযুত কমলাকান্ত তর্কভূশণ
এথাত আশীয়াছীলেণ ইহার বাড়ীত চৌপাড়ী
আছে কাষ্ঠের অনুব্রতি ক্রম একটা মরা
গাছের দরখাস্ত করিল গ্রাম মজকুরে মরা আম্রের
গাছ খণ্ডে খেত্র মধ্যে আছে এমত কহিল একারণ
তোমার দিগেক লিখা জায় খণ্ড খেত্র মধ্যে তহকীক
করিয়া মরা মুড়া গাছ থাকে একটা ঠাহরাইয়া
দিয়া কর্ত্তণ করিয়া লইবেণ ইতি শন ১২২০ শাল
... তারিখ ৭ বৈশাখ

১৫১

৭শ্রীশ্রীরামঃ

মহামহিম শ্রীযুত কমলনাথ ভোট্টাচার্জ্য
মহাশএর স্থানে

হাতশহী
শ্রীকালেনস্য
শাং পাঘপাড়া

লিখীতং শ্রীকালেনস্য
একরার পত্রমিদং শন ১২২৮ শাল
আন্দে লিখনং কার্জ্যেঞ্চা য়াগে য়ামী
মহাশএর স্থানে করজা মোকা কারবার
ছিল তাহাতে আমী নাচার মতে
মহাশএ স্থাগে মবলগে শীকা ৩. শোওা
তিন টাকা বফাইত করিলাও মাফিক
কীস্তীবন্দীমত টাকা শোদ করিব
ইহাতে তওফাত করি মাফীক য়াইয়াল
সুদ নিশা করিব বিনা ওজর এতদর্থে
একরারপত্র দিলাম ইতী ১১ মাঘ
ইশাদ

| | |
|---|---|
| শ্রীতিনকড়ী মোল্বা | শ্রীনওকড়ী ঠীকাদার |
| শাং পাঘাপাড়া | শাং তথা |

[অপর পৃষ্ঠায় লেখা]

কীস্তীবন্দী
মবলগে করজ বফাইত ৩।.
নিতাবাত ওাশীল ১।.
দং পদাণ খরিদ
২.

| | |
|---|---|
| জাএ | রূপেয়া |
| মাহা বৈশাখ | ১৲ |
| মাহা শ্রাবণ | ১৲ |
| | ২৲ |

মবলগে দুই টাকা মাফীক কীস্তীবন্দী মত শোদ
করিব বিনা ওজর ইতি

## ১৫২

৺শ্রীশ্রীদুর্গা শরণম

পরমকল্যাণবরেষু
তোমার পত্র পাইয়া বিস্তারিতাবগত
হইলাম পূর্ব্বে কীতাব্দিনস্যের
মারফৎ ॥২ আনা দিয়াচিলাম তাহা
পাইয়াছ কীনা কিছু জ্ঞাত নহি জাহা হৌক
এহিক্ষণ করজ করিয়া ২৲ দুই টাকা
শ্রীযুক্ত শম্ভুনাথ ভট্টাচার্য্য মহাশয়ের মারফৎ
পঠাইলাম শারিরিক শকলে ভালই আছি
কেবল করজটি উপর্জিব্য হৈয়াছে
তুমি শতৎ শাবধান থাকীবা ইতি
তাং ৪ আষাড়স্য

পরম কল্যাণবর শ্রীমাণ হরচন্দ্র শর্ম্ম মজুমদার
কল্যাণবরেষু
চলীত কলম

[অপর পৃষ্ঠায় লেখা]

অত্রৈব পরমপূজনীয় শ্রীযুক্ত আনন্দ চন্দ চন্দ্র
শর্ম্ম চক্রবর্ত্তি মহাশয় শ্রীচরণেষু
সেবক শ্রীঈশান চন্দ্র শর্ম্মণস্য
প্রণামপূর্ব্বক নিবেদন . . .
গ্রামস্ত এবং আমরা শকলেই শরিরিক
ভালই আছি শ্রীযুক্ত দুর্গাকুমার মজুমদার
জজ সাহেবের বিচারে ১৭ জৈষ্ঠ খালাশ
পাইয়াছে কেবল ২ জন চাকর ২ বতসর
করিয়া মিয়াদ হৈয়াছে সংক্ষেপে কিঞ্চিৎ
লিখিলাম নিবেদনমিতি
পু: শ্রীযুক্ত ভোলানাথ ভট্টাচার্য্যের
খরচের বাবদ ২ দুই টাকা পঠান গেল
লইয়া তাহাকে দিবেন ইতি

১৫৩

৭শ্রীশ্রীদুর্গা
শহায়

পিতামহি

শ্রীশ্যামশুন্দর শর্ম্মণঃ
পরম শুভাশীর্ব্বাদ বিজ্ঞাপনঞ্চ
তোমার কুশল মঙ্গল ৺ স্থানে (বাঞ্ছা)
করি জাহাতেই অত্রানন্দ পরং ১৮ আশাড়
৺ঠাকুরাণীর পরলোক হইয়াছে শ্রাদ্ধ
করণের সঙ্গতি জত আছে তাহা তুমীহ ই
শকল জ্ঞানি আছ আমী জে বিসয়তে ছিলাম

তাহাহ জৈষ্ট মাষে গীয়াছে নিদান্ত পীড়া হইয়া
১৯ আশাড় বাটীতে পৌচিয়া এই দৈবের মধ্যে
ঠেকীলাম সুদ্ধ হওণের পথ কিছু হইছিল না তাহাতে
শারিরিক পীড়া চলঃসক্তী রহিত ইহাতে কি করা জায়
তবে ধারকর্জ্জ করিয়া ব্রষ উৎসর্গ একটী শোড়ষ একটী
করিয়া কোণমতে একপ্রকার সমাপন করা গীয়াছে

[অপর পৃষ্ঠায় লেখা]

এইক্ষণে ই শকল মহাজণের দায়তে মুক্ত হইতে
পারি এমত উপায় কিছ দেখী না তুমি ফালগুন মাষে
পত্র লিখীয়াছিলা বৈশাখ মাষ আগাত দেশে আশীবা
তাহাতে আশীলা না এবং পত্র দ্বারায় শমাচারহ কিছু
লিখ না এহাতে বড় উদ্বিগ্ন আছি তুমি সেখাণে শ্রাদ্ধ
বাহল্য চেষ্টা কিছ না করিয়া কিছ দানাদী জদী করিতে পার
তবে করিবা নতু কএকজন ব্রাহ্মন ভোজন জে তাগাত পাব করিবা
এবিশয় আমি বড় দায় হইয়াছি হরধাম দারা চেষ্টা করিবা
জে পর্যন্ত করিয়া আনিতে পার তাহা করিবা আর শ্রীযুত ভোলানাথ
মুখো(পাধ্যায় মহাশ) এর নিকট জাইবা তাহাণে কহিবা আমার দীগের
(ইচ্ছা কি) অধিক আর কিছ কার্য নাই তাহান ভরশা নিদান্ত করি
তাহাণ বিশয়কার্য্য জে পর্য্যন্ত তাহাণ বিবেচনামতে হএ তাহা
করিবেন তুমি জে প্রকার শীগ্র দেশে পৌচিতে পার তাহা করিবা
আমী নিদান্ত কাহেল জানিবা তুমি ভাল জনেক লোক সঙ্গে করিয়া
ভাল সঙ্গ মতে আশীবা আর অধিক কি লিখীব ইতি
শন ১২১৭ তে ১৪ শ্রাবণ

[পূর্ববর্তী পৃষ্ঠার এক পার্শ্বে লেখা]

পরম কল্যাণবর শ্রীযুত রামশুন্দর বন্দোপাধ্যায় ভায়া চিরজীবেষু
মোং হরধাম রাজবাটীতে পৌচে
৭৪ !.

১৫৪

শ্রীরাম

[এখানে একটি মনুষ্যচিত্র আঁকা রয়েছে।]
কালীপ্রসাদ রায়*

৺সেবকাধম শ্রীরামমোহন করস্য
প্রণামা কুটী২ পাদপদ্মে নিবেদনঞ্চাদৌ
মহসএর শ্রীচরণধ্যানে সেবকের মঙ্গল পরং
শ্রীচরণে নিবেদন আমার পাষ শ্রীযুত চৌধুরি
মহাসএ মহানাটক শ্লোক জন্যে কহিয়াছেন মহাসএর পাষ
জদী থাকে এবং মহাসএর চেষ্টাক্রেমে হয় শ্লোক সমেত
মহাসএ চৌধুরী সাক্ষ্যাত জাইতে হইবেক তেণী কুসদী
মোকামে আছেন আমার পাষ পত্র লিখীয়াছেন
জ্ঞাত কারণ শ্রীচরণে নিবেদন করিল ইতি শন ১২১৭
তারিখ ৮ অগ্রয়ান
পুং শমুদায় মহানাটক শ্লোক জ্ঞাত কারণ নিবেদীল ইতি

* মনে হয়, এই 'কালীপ্রসাদ রায়'-এর উদ্দেশেই এ পত্রটি লিখিত।

১৫৫

শ্রীশিবৌ
জয়তঃ

শ্রীসেক আকিল মামুদ
ও শ্রীসেক আদোম

ও শ্রীসেক নবু ও শ্রীসেক আলোম
সাং পটিয়া

মহামহিম শ্রীযুক্ত ঈশ্বর দাস
সিদ্ধান্ত ভট্টাচার্য্য বরাবরে

লিখিতং শ্রীসেক আকিল মামুদ
ও শ্রীসেক আদোম ও শ্রীসেক
নবু ও শ্রীসেক আলোম এষাং এক—
রার পত্রমিদং আগে আপনার তাল্লুক
তপে মহেশ্বরদি কিং মমৎহামর দিয়া-
তে রায়তির রাজিনামা দিয়া রায়তিতে বহ-
ল হইলাম ঘর খরচ মাপিক তপছিল
৩ তিন টাকা সিক্কা পাইলাম লাগায়ৎ
মাঘ ঘর দরজা ওয়াবস্ত সমেত বহাল হ-
ইবাম যদি এই মেয়াদ মতে বহাল না হই
তবে জে জমিতে শস্য করি এই শস্যের
অর্দ্ধেক আপনার সরকারে বুজাইয়া দি-
বাম আর বময় সুদ টাকা লোকসানি স-
মেৎ বুজাইয়া দিবাম এহি কড়ারে এক-
ডার দিলাম ইতি সন ১২২৬ সন তেং ২৫
ভাদ্র

[অপর পৃষ্ঠায় লেখা]

ইসাদ
শ্রীসেক ফেদু ১ সাং সুইয়ার চর
শ্রীসেক ভোলাই ১ সাং চাকধা
জায় তপছিল
আশামি মোকরা
সিক্কা

| | |
|---|---|
| শ্রীসেক আকিল মামুদ | ১ |
| শ্রীসেক আদোম | ।।. |
| শ্রীসেক নবু | ।।. |
| শ্রীসেক আলোম | ।।. |
| | ২।।. |

১৫৬

৭হরি
শরণং

শ্রীচরণকমলেষু
আপনার পত্র পাইয়া শমাচার জ্ঞাত হইলাম
আপনি পূর্ব্বে যে পত্র লিখিয়াছেন
তাহা আমি পাই নাই সংপ্রতি আমার
ভগিনীপতি শ্রীযুক্ত দুর্গাচরণ চট্টোপাধ্যা-
য়ের কল্য ভেদবমন রোগ হইয়াছে
এজন্য তাহার উপশম না দেখিয়া
কিরূপে যাইতে পারি নচেত যাইবার
বাধা ছিলো না আপনি আসীর্ব্বাদ করিবেন
যদি অদ্য বিশেষ হয় তবে কল্য প্রাতঃকা-
লে বেলা ৪ দণ্ডের সময় চন্দ্রদ্বীপ
যাইবো নচেত এ যাত্রায় আমার যাওয়া
হইবেক না কি করি আমার দৈব বিগুণ
হইয়াছে তাহার ফল উপস্থিত বোধ হয়
শ্রীচরনে নিবেদনমিতি

সেবক শ্রীবিষ্ণুচন্দ্র দেবশর্ম্মা

[অপর পৃষ্ঠায় লেখা]

পরম পূজনীয় শ্রীযুক্ত ঈশান চন্দ্র সিরোমনি ভট্টাচার্য্য
মহাশয় শ্রীচরণেষু

১৫৭

৭ঁশ্রীশ্রীকৃষ্ণঃ

৭আজ্ঞাকারি শ্রীরামনাথ শর্ম্মণ
নমস্কারা নিবেদনঞ্চ আদৌ
মোহাশএর চরনাশীঃর্ব্বাদে অত্র কল্যাণ
বিশেষ আমার জজমান তিলকচন্দ্র জৈয়ের
পরলোক হয়াছে তিনি স্ত্রি পূত্র অবাবাত
কন্যা দৌহত্র আছে এবং ভাতিজা আছে
তাহার শ্রাদ্ধ শাপান্ত করন হয় নাহি ভাতিজা
করিবেক য়েহি আমী স্থির করিয়াছিলাও
তিনি মোহাশএর নিকট গিয়াছেন আপনে
ব্যবস্থা মতে কহিয়াছেন কন্যায়ে শ্রাদ্ধ আদি
করিবেক তাহা অখন কোন দিবশ হয়
ভাতীজার ঔসছঅন্ত দিবশে হয় তাহা কল্য
তাহা না হয় একাদশি লক্ষে হয় য়েহি স্থির করিতে
না পারিয়া মোহাশএর নিকট মনুস্য পঠাই
জে দিবশ ব্যবস্থা হয় তাহা লিখিতে

আজ্ঞা হবেক ইহাতে আমার ভ্রম
হয়াছে অবস্য ২ স্থির করিয়া লিখিবেন
ইহা চরনে নিবেদন করিলাম
ইতি ৮ চৈত্র

[অপর পৃষ্ঠায় লেখা]

মোহামহিম শ্রীযুত রামনাথ ভট্টাচার্য্য
মোহাশএ চরনেষু*

* এই পত্রে একীভূত 'কৃষ্ণ'-শব্দের রূপ আছে।

## ১৫৮

৭শ্রীরাম

সেবক শ্রীরামমোহন শর্ম্মণো
দণ্ডবৎ প্রণামা নিবেদণামাদৌ মহাসয়ের
চরণাশীর্ব্বাদে অত্র কল্যাণ বিশেষঃ শ্রীমাণ্ রামনন্দণ
শর্ম্মার শুভবিবাহ আপণকাক সে মোকামে জাইতে
হবেক না গেইলে চক্রবর্ত্তি বিরক্ত হবেক ইহা বুঝিয়া
আপণে এহি মনুষ্য সঙ্গে অবস্যাবস্য আসিবেণ
ইহা চরণে নিবেদণ করিলাম্ ইতি তা ২৩ ফাল্গুণ

[অপর পৃষ্ঠায় লেখা]

পরম পূজনিয়
শ্রীযুক্তাগ্রজ মহাসয়
চরণে

১৫৯

৭শ্রীশ্রীরামঃ

শন ১১৯৯

শ্রীমানিকচন্দ্র শর্ম্মণঃ

ইং শ্রীগজদি রায়ৎ সুচরিতেষু
বসৎ পট্টক পত্রমিদং শন ১১৯৯ শালাব্দে
লিখনং কার্য্যঞ্চাগে কিশামৎ তালশরী পং খা-
ট্টা সরকার পাঞ্জরা মৌর্জে মজগুরে আমার
তালুক মধ্যে ঝাপড়া পলাতকা বাড়ী মাফিক
তপসিল মালুকজারি করিয়া পরম সুখে সপরি-
বারে বসৎবাস করিয়া ভোগ করহ সধ্য সহিৎ ইলাকা
নাহি এতদর্থে বসৎপট্টক পত্র দিলাঙ ইতি তাং ২৩ ভাদ্র

[অপর পৃষ্ঠা লেখা]

তপসিল

| | |
|---|---|
| জমি | জমা |
| /8 | |
| চারি কাঠা ইতি | এক সুকা |
| | সন মজগুরে মালুকজারি করহ |
| | আর কোন বার নহি ও ইলাকা নাহি ইতি |

১৬০

৭শ্রীশ্রীহরি

৭শ্রীদুর্গা

৭আজ্ঞাকারী
শ্রীকৃষ্ণকান্ত শর্ম্মন
সবিনয় পুর্ব্বক নমস্কারা
নিবেদনঞ্চ বিশেষঃ আমার একটী বৎশ
আর বৎশর অগ্রায়ন মাশে জর্ম্মাএগ্রাছে শেহি
বৎশ কল্য জলেত পড়িয়া মিত্তু হয়াছে ইহার
জথার্থ ব্যেবস্থা জে হয় একখানী পাতি করিয়া
পঠাইতে অবধান হবেক গৌরৈক্ষক হেদু গ্রিহণ্ন
মজেদা একটী শীকী পঠাইইবেন উৎসৃয্য দক্ষীনা
বিশেষ করিয়া লিখীবেন ইহা নিবেদনে ইতি
তারিখ　　　৫ কার্ত্তিক

[অপর পৃষ্ঠায় ভিন্ন হাতে লেখা]

অপাণন প্রযুক্ত ব্রাহ্মন স্বামিকৈকহায়ন গোর্ব্বধজনিত পাপক্ষয়ায়
ব্রাহ্মনেন প্রাজাপত্য ব্রত পাদানুকল্প পয়স্বিধেনুমিতিকর্ত্তব্যতা সহিত
সার্দ্ধকার্ষাপণমুৎসৃয্য ব্রাহ্মণায় দেয়ং দক্ষিণা সার্দ্ধকার্ষাপণাদেয়ে ত্রিসতাংসতং
[নিম্নে অস্পষ্ট স্বাক্ষর]

১৬১

স্বস্তি সমস্ত মঙ্গলালয় শ্রীযুক্ত রামকিশোর দীঘাল তথা শ্রীযুক্ত গৌরকিশোর দীঘাল তথা শ্রীযুক্ত গোলোকচন্দ্র চাকলাদার সুচরিত্রেষু সম্প্রতি সমাচার এই আমি চলিতে পারি এমন সাধ্য নাহি অতএব শ্রীমান ঘরে পাঠাই এহান যদ্দারায় কার্য্য নির্ব্বাহ করিয়া দিবেন আর ৬ কালীপূজার যাহা থাকে তাহা আমার ঘ অর্দ্ধেক দেন কিম্বা সকল দেন অংশ করিয়া নিবো আর আমার এক কন্যা ১২ বৎসর এক কন্যা ১০ বৎসর এহার ঘরে মাঘ মাসে কার্য্য না করিলে জাতি থাকা ক্লেশ অত(এব)লিখি এহার যে প্রকার উত্তীর্ণ হইতে পারি এমন সাধ্য না আমার হাপোনারা ভিন্ন আর যে অন্য আছে তাহা জ্ঞাত আছেন বিশেস কি জানাইবো আর শ্রীযুক্ত গোলোক চন্দ্র শার্ব্বভৌম ভট্টাচার্য্য মহাশয়কে জানাইবা এবং শ্রীমহেচন্দ্র ঘটক নিকট বলিয়াছিলাম তিনি বলিছেন কিছু করিয়া দিবো অতএব লিখি যাহাতে আমি জাতিরক্ষ্যা করিতে পারি তাহা করিবা ইতি সন ১২৭৪ তেরিখ ১৬ পৌষ

[অপর পৃষ্ঠায় লেখা]

পুং শ্রীযুক্ত দীনবন্ধু চাকলাদার নিকট বলিবেন হাপোনার ঘরে সার্ব্বত্রিক মঙ্গল লিখিবেন আমার মঙ্গল জ্ঞাত হইবেন

আশীর্ব্বাদ পত্রমিদং
শ্রীকালীকুমার শর্ম্মণঃ

পরম কল্যাণবর শ্রীযুক্ত রামকিশোর দীঘাল
তথা শ্রীযুক্ত গৌরকিশোর দীঘাল তথা শ্রীযুক্ত গোলোক চন্দ্র
চাকলাদার চিরঞ্জীবেষু

১৬২

শ্রীকালী ৭ঁশ্রীদুর্গা শ্রীদুর্গা

সেবকাধম শ্রীকালীচরণ শর্ম্মণঃ
প্রনামানন্ত্য নিবেদনমেতৎ বাটি হইতে আসিয়াছি
পরম মহাশএর আসির্ব্বাদপত্র না পাইয়া নিদান্ত ভাবিত
আছি মহাশএ অনুগ্রহ পূর্ব্বক আসির্ব্বাদপত্র সম্বলি-
ত মহাশএর বাটির শমাচার লিখিয়া তুষ্ট রাখিতে আজ্ঞা
হইবেক অপর শমাচার এই মহাশএ জে ঝারির কথা বলিয়া-
ছিলেন্ তাহা প্রস্তুত করিতে বলিয়াছি তাহা সিগ্রহ
পাইতে পারি এমত কারন্নাহি আমিহ আসনের সময়
লইয়া আসিবো আমার তর্কের মথুরাপাঠ হইয়াছে জা-
নিবেন ইতি অপর তর্কের ভট্টাচার্য্য পাঠ (হ)ইয়াছে

[অপর পৃষ্ঠায় লেখা]

শ্রীক(া)লী	৭ঁশ্রীদুর্গা

১৬৩

৭ শ্রীদুর্গা শরণং

আজ্ঞাকারি প্রতিপাল্য
শ্রীজয়নাথ শর্ম্মা
শবিণয় পুর্ব্ব(ক) নমস্কারা নীবেদণঞ্চাগে
ণিবেদণ এহি কাঠাল জেমতে পঠাই

তাহা পত্রে কী (লি)খীব কাঠাল শেশ হইআছে
পাত্তা নাহি খরিদ করিয়া দিতে পারিলাম

ণা বাকী খাজানাহ কীছোই লইতে পারিল্যাম ণা
ণীদান্ত লোকে খাতির রাখে ণা তাহাতে
শ্রীযুতা মধ্যম বদুমাতা ইয়ারপুর পৌচিয়া-
ছেণ ই মতে আমী তথায় পৌচিতে পারিল্যাম
ণা সাক্ষ্যাত হইলে শকল কথা কহিতাম সুণীতে
নৌকা লই জেমত কাল্বপাত (জে)মত কাজিয়া তাহা ক-
ত লীখীব ইহাতে গৌ(ণ) হইল নতুবা ২৪ চব্যিশা
তারিখ পৌচিত আর আমী জর হইয়া
কাহিল আছি এহা জ্ঞাত কারণ লীখীল
(তে) ২৫ আশাড়

[অপর পৃষ্ঠায় লেখা]

মহামহিম মহিমাবর
শ্রীযুত গকুলচন্দ্র চৌধুরি
মহিমাবরেষু

১৬৪

শ্রীশ্রীদুর্গা শাহয়

নিশানশই
শ্রীগোপিনাথ বৈরাগী ও
শ্রীকালাচাঁদ বৈরাগী
শর্ব্ব শাং কালাগাছি

মহামহিম শ্রীযুত লোকনাথ
ভট্টা(চা)র্য্য মহাশএ
লিখিতং শ্রীগোপিনাথ দাষ বৈরাগী
ও শ্রীকালাচাঁদ দাষ বৈরাগী শাং কলাগাছি
কজ্জপত্রমীদং কার্য্যঞ্চাগে আমারা মহাশএর
স্থানে শীক্কা কোমপানী ৪ চাইর টাকা
করজ করিলাম ইহার শুদ দরামাহা মোক্তা
২ দুই আনা হিশাবে মাশ ২ দীব ওয়াদা
শণ ১২৫৮ সালের চৈত্রমাশে টাকা পরিশদ
করিব এত(দ)র্থে টাকা বুজীয়া পাইয়া
করজ খত লিখিয়া দীলাম ইতি
শন ১২৫৭ শন তে ২৩ ফালগুণ

[অপর পৃষ্ঠায় লেখা]

| | |
|---|---|
| ইশাদী | মরকুমা |
| শ্রীকৃপারাম ভটা(চা)র্য্য | শ্রীমোহনলাল ভাদুড়ী |
| শাং কোতকদী | শাং কোতকদী |

১৬৫

শ্রীশ্রীরাম শরণ

সন ১২৮৮ শাল

সর্ব্বদা শুভানুধ্যায়ি
শ্রীঅভয়াচরণ দেবশর্ম্মণঃ পরম শুভা-
ষিশামসীম রাশয়ঃ সন্তু বিশেষ পরন্তু প্রাণা-

ধিক তোমার কুশলাদি সংবাদ ৫ তারিখ প্রা-
প্ত হইয়া সকল সমাচার অবগত হইলাম আর লিখি-
য়াছ জে কুশাদি খণ্ড মোদকের পাট আর মহা-
চিত্রক লবণের পাট পাঠাইতে লিখিয়াছ তাহা এই
পত্রের পিষ্ঠায় লিখিয়া দিলাম[১] আর মধুবটিকা-
দি সমস্ত ওষধি শ্রীযুক্ত কেদার নাথ চট্টোপাধ্যা-
য় ভায়ার মাং ২০ তারিখ পর্য্যন্ত পাঠাইয়া
দি মোং কোলিকাতায় শ্রীযুক্ত প্রতাপচন্দ্র ঘটক
মহাশএর দোকানে পৌছিবে আর শ্রীযুক্ত বাবু
শশিভূষণ বন্দোপাধ্যায় আর শ্রীযুক্ত বাবু মনো-
হর মুখোপাধ্যায় মহাশয় দিগেগ আ-
মার অশংখ্য প্রণাম জানইবে এ বাটির কহিবা
মঙ্গল তথা ক(া)র কুশল(া) দি সর্ব্বদা লিখিবে?
জ্ঞাপনমিতি তাং ৯ অগ্রহায়ণস্য
শ্রীঅভয়াচরণ চট্টোপাধ্যায়

পরম কল্যানিয় শ্রীযূক্ত বামাচরণ চট্টোপাধ্যায়
ভাইজীউ দির্ঘজীব নিরাপদেষু
পত্রঃ দেঃ মোঃ বালির পোস্ট আপিষ হইআ উত্তর পাড়ার
শ্রীযুক্ত বাবু শশিভূষণ বন্দোপাধ্যাএর নিকট পৌছিলে
উক্ত বেক্তি পাইবেক মুখুর্জিন লেন বাটী ১৫০ নং
বিআরিঙ[২]

১. মূলপত্রের অপর পৃষ্ঠায় লিখিত ঔষধের দীর্ঘ তালিকা
এখানে উল্লেখ করা গেল না।
২. এই পৃষ্ঠায় ডাকঘরের সীলমোহরের চারটি ছাপ অঙ্কিত রয়েছে।

১৬৬

৭ শ্রীশ্রীরামঃ

হাতশহি
শ্রীভূবণ মাজী
শাকীণ জগন্নাথপুর
পরগণে মেহমাণশাহি

মহামহিম শ্রীযুত হরচন্দ্র ভট্টাচার্য্য
মহাশএর বরাবরেষু
লিখিতং শ্রীভূবণমোহণ মাঝি
কবুলিয়ত পত্রমিদং শন ১২৪৭ শাত চল্বীষ
শালাব্দে লিখনং কার্য্যাঞ্চাগে মহাশয় পশ্চীম
৬ কাশীঃ ক্ষেত্র জাবেন তাহাতে নৌকা ভাড়ার
আবশ্যক হওাতে আমার একখান নৌকা মুখে
শাড়ে পাচ হাত চারি পাইঠ এক মাঝি এহি
পাচ জন কেরায়া দরমাহা ২১।।. শাড়ে
একইষ টাকা ময় খোরাক স্থির করিবেন
আমীহ আপন শেষ্যাতে কবুল করিয়া
কবুলিয়ত লিখীয়া দাখীল করিলাম শর্থঃমত
কার্য্যর আঞ্জাম করিব বরখেলাপী কোণ
ক(া)র্য্য করিব ণা আমার দ্বিগের জিম্যা জে২
দ্রর্ব্ব থাকে হেবাজাত মত রাখীব খোওা
জায় বিণা ওজরে দিব বিণ(া) বিদায় কোণ
খানে জাইব না জদি জাই মাহিয়াণা বাজায়াপ্ত
হবেক তাহাতে আমার দীগের কোণ ওজর
আমলে আশীবেক ণা খুটাগাড়ী ওগয়রহ জে
লাগীবেক মহাশএর দিবেন আমার শহিত
এলাকা নাহি ১৩ তারিখ নৌকা ময় পাইঠ
রওানা হৈয়া ১৪ তারিখ খাণপুর মোকামে
পৌছিয়া মহাশএর নিকট খবর দিব এতদর্থে
কবুলিয়ত পত্র দিলাম ইতি তারিখ ৫ মাঘ

[অপর পৃষ্ঠায় লেখা]

| | |
|---|---|
| ইশাদ | শ্রীআজীনস্য |
| শ্রীকাশী কৈবর্ত্ত | সাং মালতীনগর |
| সাং ঢাকণ্ডা পং শেলবর্ষ | পং তথা |

ওাশীল ৬ মাঘ
মারফৎ
হরচন্দ্র ভট্টাচার্য্য ১১্
বরদেশ্বরী গুপ্তা ১১্
২২্
মবলগে বাইশ টাকা ইতি

২০ রোজ
মোঃ তথা ৪্
২৪ রোজ ৩৪্
মোঃ খাণপুর
৬০্

১৬৭

৭শ্রীশ্রীরামঃ
শরণং

[এখানে তিনটি সাপের ছবি আঁকা]

৭সেবকানুসেবক শ্রীগঙ্গারামদেব শর্ম্মন বহবো
নিবেদনঞ্চ আদৌ মহাসএর শ্রীচরণাশীর্ব্বাদে অত্র কুসল

বিশেষঃ। আজ্ঞাপত্রী পাইয়া মস্তকে করি (ধরি)লাম এথা-
কার বৃত্তান্ত কি লিখিব মহাসয় শকাল জা(ই)তেছেন অধিক
কি লিখিব আপনে যে বিসয় লিখিয়াছিলেন তাহার কোন চেষ্টা
পাই নাহি চেষ্টা করিয়া মহাসএর তথা পঠাইব অনেক
দিবস হইল মহাসএর চরন দর্শণ পাই না আপনে একবার
এথাতে য়াসিবেন বিশেষ কার্য্য আছে আ(সিবে)ন অবশ্য২
ইহা চরনে নিবেদিল ইতি তাং ১ শ্রা(ব)ন
শুভানুধ্যায়ী শ্রীকাসিশরন দেব(শ)র্ম্মণো নম(স্কারা) নিবেদনঞ্চ
বিশেষঃ

৭ শ্রীরামঃ
শরণম্

আজ্ঞাকারী
শ্রীগঙ্গারাম দেবশর্ম্মণঃ
সবিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাদৌ
মহাসয়ের মহোন্নতি সদা ৺ স্থানে প্রার্থনা করি।
তাহাতে অত্র কল্যাণ বিশেষঃ।

১৬৮

শ্রীদুর্গা

সেবক শ্রীরামরত্ন শর্ম্মণঃ প্রণামপূর্ব্বক নিবেদনং বিশেষঃ। মহাশয়ের গমনা-
বধি আমার শরীর পটু নহে শ্রীযুক্ত কুঞ্জ মোহন শান্যালের উত্তরগমন হয় নাহি
শ্রীমান রামসুন্দর মজুমদার দরখাস্ত করিতে পারে নাই শ্রীযুক্ত কালীনাথ রায়
মহাশয় আমাকে ডাকিয়া কহিলেন যে তোমরা নিশ্চিন্তে থাকিলা দাখিলার

কিছু চিন্তা করিলা না টাকা আমানত করিলা না বৃত্তি রক্ষা করিতে পারিলা না
এমত বিশয় গৌন করিতে হয় না তোমরা কিছু বুঝ না এতি মাশের
মধ্যে খাজানা বাকি যে থাকে তাহার দরখাস্ত করিয়া আমানত করহ
অপর সদর বোরড়ের ২১ রায় মহাশয়ের নামে কোন ব্যক্তি চোট্টামি করিয়া
এক দরখাস্ত করিয়াছে তাহাতে প্রধান সমেত কাচারির সকল লোক ভাবিয়া অস্থির
এহি রূপে তাহার নিকট কিছু বিশেষ জিজ্ঞাসা করিতে পারি নাই মহাশয় যদ্যপি
না আসিতে পারেন্ তবে কত টাকা আমানত করিতে হবেক তাহার
সকল বিস্তারিত লিখিবেন্ অপর ২০ আষাঢ় শ্রীযুক্ত ভগবতীচরণ ভট্টাচার্য্য
সেরপুর নৌকাতে জাইতে শ্রীঝুলনা নস্যেক সংগে দিয়াছি জ্ঞাতার্থ নিবেদন
করিলাম্ অপর সংক্রান্তি পর ২/৩/ শ্রাবণ আমিনিক পহুঁছি এমত
অন্তঃকরণ শ্রীযুক্ত পঞ্চানন দাদাকে (প্রণাম) লিপি দিতে পারিলাম্ না এবং
শ্রীযুতা জ্ঞানা দেবীর [অপর পৃষ্ঠায় লেখা] শান্তি আরম্ভ করিয়াছি তাহার
শরীর এহিক্ষণ কি প্রকার আছে তাহা লিখিবেন শ্রীচরণে নিবেদন মিতি
তাং ২২ আষাঢ়

পরম পূজনীয় শ্রীযুক্ত হরচন্দ্র ভট্টাচার্য্য মহাশয়
শ্রীচরণেষু

[পত্রের শেষ পৃষ্ঠায় দুটি মনুষ্যচিত্র অঙ্কিত রয়েছে ।]

১৬৯

৭শ্রীদুর্গা

শুভানুধ্যায়িনঃ শ্রীরামপ্রসাদ শর্ম্মণঃ পরম শুভাশিষাং
বাসয়ঃ সন্ত্বাগ্র ভবন্মঙ্গলং ৬ দ্বারা প্রার্থনীয়ং তেনাস্মাকং
ক্ষেমং বিশেষঃ চিরদিবসা(ব)ধি তথাকার কুশলাদি না পাইয়া
পরম ভাবিত থাকি আপনারা জনেক আশিবা এবং শ্রীত্তিন কড়িয়া

কোঁচেক পঠাই গহণাখানি পঠাইবেন যাতায়াত মঙ্গলাদি লিখিয়া
পরিত্তোষ করিবা ইতি তাং ১৮ ভাদ্রস্য

[অপর পৃষ্ঠায় লেখা]

পরম কল্যানবর শ্রীযুক্ত রামচরণ ভট্টাচার্য্য
শ্রীযুক্ত দেবীচরণ ভট্টাচার্য্য কল্যানবরেষু

১৭০

ঁশ্রীশ্রীহরি

ইশান চ বিদ্যারত্ন

মহামহীম শ্রীযুত রামালাল ভাইয়া
গয়ালী ঠাকুর মহাশয় শ্রীচরণেষু
[সীলমোহর]

শ্রীদুর্গাসুন্দরি
দেব্যা
শ্রী ইশানচন্দ্র বিদ্যা-
রত্ন
শাং মালতিনগর

লিখিতং শ্রীদুর্গাসুন্দরি দেব্যা শ্রীইশানচন্দ্র বিদ্যারত্ন
কশ্য করজ খত পত্রমিদং কার্য্যনঞ্চাগে
আমী আপনার নিকট গয়াশ্রাদ্ধ করিলাম

তাহার দান দক্ষীণা বাবুদ মং ৮ আট টাকা
করজ লইলাম আপনার লোক আমার
বাটীতে পহুছিলে টাকা দিব ইতি
শন ১২৭৫ শন তারিখ ৫ বৈশাখ

[অপর পৃষ্ঠায় নাগরীলিপিতে সাত সারি লেখা রয়েছে।]

১৭১

শ্রীশ্রীদুর্গা

শ্রীশ্রীচরণেষু
মহাশয়ের অনুগৃহীত পত্র শম্বলিত
একখানা পুস্তক প্রাপ্ত হইলাম মহাশয়ের
কল্পিত ব্যক্তির হস্তে শমর্পন করিব
শ্র(া)ন্ত বিধায় অধিক লিখিতে অশক্ত
শ্রীচরণে নিবেদন আমি ভাল আছি
আগতে শ্রীচরণ মঙ্গল লিখিবেন
ইতি ১২৭৫।১৮ পৌষ
লিং পড়া
শ্রীগোপীচরণ ...

বি.দ্র. ... -চিহ্নিত অংশের মূলপাঠ ছিন্ন।

১৭২

৭শ্রীশ্রীদুর্গা
শরণং
কালীকৃষ্ণ

শুভানুধ্যায়ী
শ্রীকাশীনাথ শর্ম্মনঃ
পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চ
শ্রীযুত চৌধুরি জিউ দ্বিগের মোহন্বতি
নিয়ত ৺ স্থানে প্রার্থনা করি তাহাতে অত্রানন্দ
বিশেষ এদানীক পত্রাদি না পাইআ নিতান্ত বেস্ত
আছী মনিশ্যা গতে সারিরিক মঙ্গল শম্বলীত
বিস্তারিত লিখিয়া পরিতোশীবেন অপর আপনকার
দ্বিগের এলাকা মৌজে বামনকুড়িতে মুদাফত
কমলেশ্বরি নামেতে এক জোত পড়তী আছে
শেহি জোত নেওার প্রার্থনায় শ্রীযুক্ত পঞ্চানন
মহাশএ জাইতেছেন বিস্তারিত সরেওার জবানীতে
জ্ঞাতা হইয়া জদি জোত পড়তী থাকে তবে জোত
বন্দবস্ত করিআ দিবেন এথাকার মঙ্গল জানীবেন
আর২ বিস্তারিত পরে নিবেদন লিখিব ইতি তে ২৯ আশাড়

[পৃষ্ঠার অপর পার্শ্বে লেখা]

পরম পোষ্টবর শ্রীযুক্ত মোহনকৃষ্ণ চৌধুরি
জিউ পোষ্টবরে
পরম পোষ্টবর শ্রীযুক্ত কুঞ্জমাধব চৌধুরি জিউ
তথা শ্রীযুক্ত রাজেন্দ্র নারায়ন চৌধুরী জিউ পোষ্টবরে
৭৪ ।৹

১৭৩

শ্রীরামোজয় ৭শ্রীশ্রীরাম
ওঁগণেশায় নমঃ

৭পরম সুভাসির্ব্বাদ
সিরঞ্চাদৌ কল্যানবরে মঙ্গল-
ন্বতি সদা ৺ স্থানে প্রার্থনা করী
তাহাতে অত্রানন্দ বিসেষঃ শ্রীমান
হরিচন্দ্র চক্রবর্ত্তীর বিবাহ ২৯
বৈসাখ দিবস ধায্য করীয়াছী
সুভকার্য্য অবস্য কতৃভা হবেক
খেতিকৃসি বিষ্টী অভাবে সকলী
পুড়িয়া গিয়াছে এবং লোকে
বাইন দিতে পারিলেক না বাড়ির
কারন ভাবিত নহিবা সরির
আদি কুসল[১]
তুমিহ এহি মাসে বাড়িত অবস্য
আসিবা অধিক কি লিখি।
ইহা গোচর করীল ইতি
তে ১০ বৈসাখ

পুনশ্চ লিখি শ্রীবাঞ্চারাম বক্সির
ঠাই করিবা[২] তাহান মনস্যাটী গীয়াছ[৩]
তাহার খোজ পাওা জায় না তাহাঞ্রি
তৎসিগ্র বাড়িত আসিবেন ইতি

[অপর পৃষ্ঠায় লেখা]

পরমকল্যানবর শ্রীমান ব্রজনাথ চক্রবর্ত্তী কল্যানবরেষু[৪]

১. এরপরে মূল পাঠে 'ভাবিত নহিবা' লিখে কেটে দেওয়া হয়েছে।
২. প্রকৃতপক্ষে শব্দটি হবে 'কহিবা'।
৩. আসলে শব্দটি হবে 'গীয়াছে'।
৪. এই পৃষ্ঠায় সংস্কৃত ভাষায় লেখা চার সারি কথা রয়েছে।

## ১৭৪

শ্রীহরি

লিং
শ্রীকাশিনাথ মাঝি
শাং কোতকদী পং নশীরশাহী

মহামহিম শ্রীযুত লোকনাথ ভট্টাচার্য্য
মহাশএ বরাবরেষু
লিং শ্রীকাশীনাথ মাঝী শাং কোতকদী
কর্জ্জপত্র মিদং কার্য্যনাঞ্চাগে আমী
মহাশএর স্থানে কোম্পানী ১ এক টাকা
কর্জ্জ করিলাম ইহার ষুদ দরমাহা ১০ আদ আনা
হিশাবে মাষ ২ দিব ওাদা মাহে কার্ত্তীক টাকা শোদ
করিব টাকা পাইয়া খত লিখিয়া দিলাম ইতি শন ১২৬১
শন বারোশও একশট্টী শাল তে ১১ মাঘ

ইসাদী

শ্রীবদন দাষ
শাং মোড়াগাছা

শ্রীভোলানাথ মাঝি
শাং কোতকদী

১৭৫

শ্রীদুর্গা

আশীর্ব্বাদ পত্রী
শ্রীরাধানাথ দেবশর্ম্মণঃ
পরম শুভাশীষাং বাসয়ঃ সন্তু
ভবন্মঙ্গল সদাএ প্রার্থনীয়ং বিশেষ
স্তেষঃ আপোনার পত্র পাইয়া অবগত হইয়া
তন্মতে পুস্তকাদি দশপদ জিনিস শ্রীযুক্ত
কৃষ্ণবন্দু চক্রবর্ত্তির সমিহ ভাবে পাঠাইলাম
আপোনার দস্তখতি ফর্দ্দ দৃষ্টী করিয়া বুঝিয়া
লাইবেণ অপর একখাণ চাউলাধার অর্থাৎ
ছালা নিয়াছিলেণ তাহা পাঠালন্ নাহি
জ্ঞাত কারণ লিখিলাম বাস্তবিক বস্তু আমার
নহে অনুজোগ পাইতেছি জানিবেণ
আপোণার বাটীর ও শ্রীযুক্ত সোনার মাউশা
কালীকিঙ্কর চৌধুরি মহাসয়ের বাটীর মঙ্গল
শমাচার লিখিয়া তুষ্ট রাখিবেন পরন্তু এখাণ
হইতে জাওার কালীণ বলীয়াছিলেণ তথাতে
পুস্তক আরম্ভ হইলে আমাকে জাইতে
তাহার কিছু হই লিখেণ নাহি আমার প্রিতি
অশ্বরণ হইয়া উক্ত বিশয় অশ্বরণ হইয়াছেণ
জাহা হৌক আপোণো নিরাপদে দীর্ঘজীবি
হইয়া ক্ষেওপন্ন হইয়া থাকেণ ইতি
সণ ১২৬৯ শণ ২৫ বৈশাখ

[অপর পাশে লেখা]

অশেষ শাস্ত্র্যাধ্যাপক প্রাণতুল্য জশো
বিরাজিত শ্রীল শ্রীযুক্ত গুরুচরণ বিদ্যাভুষণ

ভট্টাচার্য্য সকল মঙ্গল ভাজনেষু
চলীত পত্রী সাকিম শালিহাটী হইতে
সাকিম বাণীগাও উক্ত নিকট পোহুছে
আশীর্ব্বাদ পত্রী
শ্রীরাধানাথ দেবশর্ম্মণঃ

১৭৬

৭শ্রীশ্রীদুর্গা

শ্রীশ্রীচরণ কমলেষু
মহাসয়ের পত্র পাইয়া জ্ঞাত হইলাম
লিখীয়াছেণ এ জাবৎ জ্বর ভালরূপ
আরাম হয় নাহি এহা বেস্ত থাকীলাম
জেরূপ ... আরাম হইয়া আসীতে
পারেন তাহা করিবেন এখানে জে প্রকার
গোল উপস্থিত হইয়াছে তাহা পত্রে কত
লিখীব শ্রীযুত বিস্বনাথ ভট্টাচার্য্য ঠ(াকুর)
মহাসয় বলধা মোকামে আসীয়া মং ৭(০০)
সাত সত টাকার কারণ আমাকে আপ ...

[অপর পৃষ্ঠায় লেখা]

(ব)লধা মোকামে নিয়া না২ প্রকার
(নি)গ্রহ করিয়া মোকাম বলধা হইতে
(৪০)০ চাইর সত টাকা কজ্জ করাইয়া ও সরকারি
(ত)হবিলের ২০০ সত টাকা একুণে

মং ৬০০ ছয় সত টাকা নিয়াছেণ শ্রীযুত
মজুমদার মহাসয় হরিবলার কাছে ভুলতা
মোকামে গীয়াছেণ জ্ঞাত কারণ নিবেদণ
ইতি শন ১২৬৪ শণ তারিখ ৩১ আসার
সেবক
শ্রীরামলোচণ গুহ

পু নিবেদন কাঠাল এলাদার
নিয়াছে ভাল কাঠাল নাহি ৪ চাইর
খান পঠাহ পোহুছিবেক আর
শ্রীগোরহরি চন্দ প্রকায করিলেক জে
তাহার দ্বিগের খোরাকী নাহি
সেমতে ওহাগো দুই আনা দেওা
গেল ইতি

[আগের পৃষ্ঠার অপর পাশে লেখা]

পরম পুজনিয় শ্রীযুত রামনারায়ণ ভট্টাচার্য্য
ঠাকুর মহাসয়ের শ্রীশ্রীচরণ কমলেষু

বি.দ্র. ...-চিহ্নিত স্থানের মূলপাঠ বিনষ্ট।

## ১৭৭

৭ঁশ্রীশ্রীদুর্গা

শ্রীচরণেষু
আমার বাড়ীতে ৬ শ্বারদিয়
পুজামুলে মহাশয় থাকার স্তিরতর

করিয়া দুশরা এক ব্রাহ্মণের বিশয় জে
বলীতে বলীয়া গীয়াছীলেন আর এক
জণ ব্রাহ্মণ মহাশয় স্তির করিয়া আনীবেণ
ঐ ব্রাহ্মণের আবিশ্বক রাখে না আমার
শ্রীলশ্রীযুক্ত ৺ ইষ্ট দেবতা মহাশয় মশউা
গ্রামের শ্রীযুত দিণনাথ ভট্টা(চা)র্য্য মহাশয়েক
সুস্তীর করিয়া গতকল্য আমার বাড়ীতে
পঠাইয়াছেণ শেমতে লিখি দুশরা

[অপর পৃষ্ঠায় লেখা]

ব্রাহ্মণের প্রয়োজন রাখে না
যুবক মহাশয় আগত রবীবার দিবষ
প্রাতে ৺ পুজার মৎসব পুরাণ
বিধি শহে পহুচিতে আজ্ঞা হবেক
এহা নিবেদণ শ্রীচরণেষু ইতি শন ১২৭৩ শন
তারিখ ২৪ আশ্বীণ
সেবক শ্রীবৈদ্যনাথ
দত্ত ভুমীক

১৭৮

শ্রীদুর্গা
শন ১৮২৪

শ্রীমাধবরাম দায

হাতচিটা শ্রীপোনানন্দ সরূ শাং দৌলতপুর
জাং কলিরাম শাতমা

| | |
|---|---|
| আসামী | দাদন |
| ৫ শেতাম্ববর | |
| নিলের দাদন | |
| শন ১৮২৫ শালের | |
| আগাও দাদন | |
| শন ১৮২৪ সালে | |
| লহনা | ৬ মং ছয় টাকা সীক্কা মাত্র |

১৭৯

শ্রীদুর্গা

রাধানাথ্ শর্ম্মণঃ

ইয়াদি কর্জ্জপত্রমিদং শ্রীকমলাকান্ত চক্রবর্ত্তি সুচ-
রিতেষু শ্রীরাধানাথ শর্ম্মাণো লিখনং আগে আমি আ-
পনার স্থানে কম্পানি সিক্কা ৪ চাইর টাকা কর্জ্জ করি-
লাম্ এহার লভ্য ফি তঙ্কে বৎসর। ছয় আনি হিশা-
বে লাব দিয়া পরিশোদ করিবং ওয়াধা চৈত্র মাসে
শোদ করিব এই কড়ারে কর্জ্জপত্র দিলাম্ ইতি সন্
১২ শয় ৪৭ শাতচল্লিষ শাল তেং ১ আষাঢ়
শ্রীউগ্রকণ্ঠ
শর্ম্মণঃ

এই খতে মালজাবিন শ্রীউগ্রকণ্ঠ ঠাকুর শর্ম্মণো
লিখনং আগে এই খতে যে কম্পানি ৪ চাইর টা-
কা শ্রীযুক্ত রাধানাথ ঠাকুর মহাশয় কর্জ্জ করিলেন
এ টাকা ময় সুদ সমেৎ আমি বুঝাইয়া দিব এই

নিয়মে জাবিনাতি লিখিয়া দিলাম্ ইতি সন
১২ শয় ৪৭ শাল তেং ১ আষাঢ়

ইশাদ
শ্রীবিশ্বনাথ শর্ম্মা

[অপর পৃষ্ঠায় লেখা]

শ্রীদুর্গা
খৎ খালাশি

১৮০

৭ঁ শ্রীশ্রীকৃষ্ণ

শ্রীকৃষ্ণ গোবিন্দ শর্ম্মণঃ
প্রনামা নিবেদণঞ্চ বিশেষয়া
শ্রীরামজয় কাহালীক সামাজীগতা বিশয়
আপনারা আমার ঘরে শাপক্ষা করেন
কাহালীর প্রমুখাত সুনিলাম এ দশপর্ব্ব
হইছে পর পাচ শাত নিমতৃন আহার
বেবহার করিছে শ্রীযুত রাম কিশে(া)র আচার্য্য
মহাশয়র বাটীতহ নিমতৃন খাইছেন
এ বিশয় শ্রীযুত ৬ গুপীনাথ ঠাকুর মহাশয় জথচিত
লিখিয়াছেণ অতযেব লিখী জদি দশপর্ব্ব হওা শত
নিমতৃন আহার বেবহার শ্রীযুত আচার্য্য মহাশয়র বাটীত
করিয়া থাকেন তবে এক্ষণহ করিবেন

এহাত আমার কোন ওজর না আ(ে)ছ ইতি
শন ১১১১ তে ১ আশার

[অপর পাশে লেখা]

৭৪॥.

পুয্য শ্রীযুত কৃষ্ণচন্দ্র সার্ব্বভুম
তথা শ্রীযুত কালিসঙ্কর ঘটক
খুড়া মহাশয়

১৮১

৭শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু

১৩ নবনি

শ্রীমদ্রাগানুগৈকাধি-
কারী শ্রীমৎ শ্রীচৈতন্য দা-
সাধিকারী ঠংকুর পরম ভাগ-
বতেষু তব্ সতীর্থাভাষাতিভাষস্য
দিনাতিদিনস্য শ্রীরাধাচরণ দাসস্য
সাষ্টাঙ্গ ভূমৌ নিপতিত দণ্ডবৎ পূর্ব্বক
নিবেদনানি সন্তু॥ আমি যে নিবেদন পত্রি লিখি-
আছিলাম তাহার উত্তর পাইলাম না আপনারা
যে আজ্ঞা পত্রী লিখিআছেন তাহা পাইয়া সমাচার
জ্ঞাত হইলাম আমি এ স্থানেতে শ্রীমায়ারাম পাল মহা-
সয়েকে ১০০ একশত তঙ্কা কলসিক্কা বুঝাইয়া
দিলাম আপনে ও স্থানেতে ১০০ একসত তঙ্কা কল সি-
ক্কা লইবে আর শ্রীযুৎ৶ গোস্বামির স্থানে আমি গমন করি-
লাম তিনি জাবার সংবাদ ছিল জাবেন কিনা তাহা নির্ধার্য্য (জা)-
নিয়া পাচসাত দিবস মদ্ধে শ্রীশ্রী৶ স্থানে পৌছিতে গমন

করিব ইতি তে ১১ মাঘ

[অপর পৃষ্ঠায় লেখা]

পুং লিং শ্রীগোবিন্দ দাষ ঠঃকুর দুই এক দিবসের মদ্ধে
নৌকাতে গমন করিবেন আমরা পদব্রজে গমন করিব
আর শ্রীরোমদাষ মহাসয় ১১৲ একাদশ তঙ্কা দিয়াছেন
পূর্ব্বপত্রিতে নিবেদন করিয়াছি ইতি

পরমপরমারাধ্যতম শ্রীচৈতন্য দাসাধিকারী
ঠঃকুর চরণসররুহেষু

১৮২

শ্রীশ্রীরাম

শ্রীভৈরবচন্দ্র শর্ম্মণঃ
নমস্কারা নিবেদনঞ্চঃ বিশেষঃ।
শ্রীযুত চক্রবর্ত্তী মহাসয় শেচল গইড়ের
শ্রীযুত কৃষ্ণবন্ধ গোস্যামী কথোক স্থির হৈয়া-
ছেন আর আপণকার দিগের অভিপ্রায় মত
এক প্রস্থ পুস্তক শোমেত শ্রীযুত প্রাণরাম চক্রবর্ত্তী
ধারক স্থির হৈয়াছেন আর ভ্রাতা একজন স্থির
হৈয়াছেন এহি তিনজন শকল শমেত ১০ তারিখ
আমার বাটীতে আশীবেন আপণে হাতিয়ান দহ
মোকামে পুস্তক শমেত এক ধারক করিয়াছে আর
আপনারা দুইজন এহি হৈলে হবেক আর তথাতে
তিন চারি জণ আছেন তাহার দিগেক কো ইহার
মধ্যে আশীতে হবেক জানিবেণ আর অধীকের

কার্য্য নাহি আপনারা শত বিবেচক শকল ভার
আপণকার দিগের শ্রীযুত ভট্টাচার্য্য মহাশএক জাত্রার
দিবষ স্থির করিয়া লিখীবেণ জে তিনি জলদ পহুছেন
দুর দেষ পাচ শাত রোজ পুর্ব্ব তথাতে পহুছিতে হএ
জানিবেণ অধীক কি নিবেদণ লিখীব নিবেদণ ইতি
তে ৮ ফালগুন শণ ১২৪৮ শাল

পুঃ নিবেদন মথুরা আমাত্যকে তথা হৈতে এক লোক
শমেত পঠাইবেন শোনাতণকে এথাতে পঠাইবেণ
তাহাকে বঠীলা পঠাইতে হবেক নিবেদণ ইতি

[অপর পৃষ্ঠায় লেখা]

মহামহিম শ্রীযুত কাশীকান্ত সিদ্ধান্ত
মহাশয় মহাশএষু
পত্র চলিত সালিখা সিদ্ধান্ত মহাশএর বাটীতে
জল(দ) পহুছে ইতি
৭৪৪.

১৮৩

শ্রীহরয়ে নমঃ[১]

তৃতীয় স্কন্দ

৭ঁশ্রীশ্রীযুত কৃষ্ণচৈতন্য পদার-
বৃন্দ বিগলন্মাদ্ধিক পানানন্দিত
চিত্তমত্ত মধুপ শ্রীযুত গৌরাঙ্গ দাস
ঠাকুর মহানুভবেষু ভবদিয় সতির্থ
ভাসমীতুস্য কস্যচিপ্রান্মো বংশীবদন দাসস্য
দিনাতিদিনহিনস্য

ভুবিনিপতিতস্য কোটি সাষ্টা(ঙ্গ) দণ্ডবত্ নুত্যাদি পূর্বক
নিবেদনমিদং আমার গৃস্ত হৈতে শ্রীযুত৺ গৃহস্ত খুলিয়া
একখ্যান কানিতে বটিয়া বান্দিয়া শ্রীবৃন্দাবন বাবাজি-
উর সঙ্গে ক্রপা করিয়া দিবেন আর শ্রীসনাতন বাবাজির
কম্বলখান সিন্দুকের ঘরের আলনাতে আছে তাহা খুলি-
য়া আপোনে আচরিবেন এবং রৌদ্রে দেয়াইবেন গত ম-
তে আপোনাদের মঙ্গলাদি লিখিয়া সন্তোষ করিবেন আমি
অজ্ঞের লিপি দোস খেমা করিবেন ইতি সন ১২৩১
তে ৮ মাঘ

পুং লিখি সিন্দুকের ঘরে দাণ্ডাতে পাতিলের মধ্যে জারা হরিতকি
আছে তাহা হৈ(তে) আদ শের খানেক হরিতকি বাবাজির সঙ্গে দিবেন

[অপর পৃষ্ঠায় লেখা]

পরমারাদ্ধতম শ্রীযুত গোরাঙ্গদাস ঠাকুর
মহাসএর চরণারবৃন্দেষু
লিং শ্রীবংশীবদন দাস[২]

১. এখানে তিন সারি ফার্সি লেখা রয়েছে।
২. এই পৃষ্ঠায় বাজার-খরচের হিসাব লিখিত হয়েছে।

১৮৪

শ্রীশ্রীহরিঃ

শ্রীরামমোহন দেবস্য

শ্রীরাধাকৃষ্ণ চরণ সেবাপরায়ণ
শ্রীজগন্নাথ ভূয়া মধুরাশয়েষু শুভশী-
র্ব্বাদ প্রয়োজনঞ্চ বিশেষঃ তোমার ভজন

মঙ্গল চাহি তাহাতেই অত্রানন্দঃপরং আমি কল্য
মধ্যাহ্ন তোমাদের বাটীতে পৌছি য়াছি তুমিও তোমার
শ্যালকের ব্যামতে উৎকণ্ঠিত আছ আমিও দশ বৎ(স)র
পর আশিয়াছি এতৎদ্দেশে তুমি এক সিষ্য সাক্ষাৎ
না হইলে জাইতে পারি না সে জে হৌক তুমি না আসিলে শ্রী-
গুরুদাস ভূয়ার সিষ্য হওার ফের হয় অতএব লিখি তুমি
পত্রপাঠ মাত্রে আমার নিকট পৌছিবে গৌন কদাচ না করিবা
একপত্র সত জানিবা জ্ঞাতো ইতি তে ২৮ কার্ত্তিক

[অপর পৃষ্ঠায় লেখা]

কল্যানবর শ্রীযুক্ত জগন্নাথ ভূয়া
চিরজীবেষু

পত্রদেশা
মোং বোয়াইলা
শ্রীবৃন্দাবণ সার বাটীতে
শ্রীরাধাকৃষ্ণ
শ্রীহরয়েনমঃ

১৮৫

শ্রীশ্রীরাধাকৃষ্ণ
শ্মরনং

৺ লবনীদাস
ঠঃকুরের
শ্রীজুত জগনাথ দাষ
ঠঃকুর

শাং জগদীস পুর

শ্রীশ্রীরাধাগোবিন্দ চরণযুগল
সেবাপরায়ণ প্রাণাধিক শ্রী
রাধাচরণ দাষ বাবাজী তোমার
ভজর্ব্বতি শ্রীশ্রী স্থানে সদা করিতেছী
তাহাতে অত্রানন্দ বিসেষ পরং অদ্য
মাষের ১৯ উনীসে পুর্ণ্নমাসিতে
শ্রীশ্রী ৺ বিরহ মোৎসবের অধিবাষ
হইবেক আপনে আপনদির্গের শাখা-
র জে কয় মুর্ত্তি বৈষ্ণব আছেন সর্ব্ব স-
হিতে আসিয়া কার্জ্জ সমধা করিবেন
ইহা পত্র দ্বায়ার জ্ঞাত করিলাম ইতি
তাং ৪ পৌষ

[অপর পৃষ্ঠায় লেখা]

পুনশ্চ লিখি
জদ্যপী আমাদের সিস্য হও তবে কার অপী-
ক্ষা জাজন করিবে না আপনে এমোৎ(স)বে সকল
সংগ্রহ করিয়া আসীবেন
সাং হরিদ্রা ডাঙ্গার
ও শ্রীদয়াল দাষ বৈরাগীকে
নিমন্ত্রণ কবিবেন
ওশ্রীচাঁদ বৈষ্ণব

পত্রদেশ
শাং ফরাসডাঙ্গা

১৮৬

শ্রীশ্রীরাধায়ৈনমঃ

শ্রীমন্ন্যদীশ্বর প্রাণাধিক
মদেক সদায়ান্তঃকরণ সদ্ভক্তিবিবেচক
শ্রীযুত গৌরকিশোর ঠক্কুর রসিকপ্রবরেষু
ভবদীয় সতীর্থাভাষস্য শ্রীতোতারাম দাসস্য
ভূমৌনিপতিতস্য সাষ্টাঙ্গ দণ্ডবৎ প্রণাম সহস্রানি
সন্তুপরন্ত আমরা সাভার গ্রামে পৌছিআছি পরে শ্রী নিত্যানন্দ
মহাশয় প্রভৃতি আমাদের নিকট আসিয়াছিলেন কথাবার্ত্তা প্রায় নর্ম্ম
হইয়া কহিলেন ৬ যাত্রাপরে মহাশয়রা সাক্ষাত পৌছিবেন পরে সক-
ল কথা ওয়াকিব হএা অনুগ্রহ করিবেন শ্রীউদ্ধব দাস মহাশয় নিকট
আসিতেছেন মহাশয় একান্ত কাতর হএাছেন এবং শ্রীশ্রী মেলাতে যাবে-
ন অতএব ইহাকে নিকট পাঠাই শ্রীশ্রীপূজা কিঞ্চিৎ আনীতেছেন ইহা-
কে কৃপাপূর্ব্বক অনুগ্রহ করিবেন এবং অদ্য বিদায় করিবেন কার্য্য সম্মু-
খে আছে ইহা জানিবেন শ্রীচরণে নিবেদনমিতি তারিক ২৬ ফালগুণ

১৮৭

শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ

শ্রীশ্রীমদ্রাধাগোবিন্দ চরণ সেবৈক-
নিষ্ঠ চিত্ত শ্রীযুত গৌরকিশোর ঠক্কুর
ভাগবতপ্রবরেষু ভবদীয় সতীর্থাভাষস্য
শ্রীরামমোহন দাসস্য সাষ্টাঙ্গ দণ্ডবন্নিবেদন-

প্রেণ্ডতি আপনার এক লিখন
পাইয়াছি পরে আমি ক্রমে ২ দুই লিখন (আ)
পনার নিকটে লিখিয়াছি সে লিখন আপনে পাই(লেন)
না পাইলেন তাহা কিছুই জানিলাম না অতএব লিখি
আপনার মঙ্গলাদি সমাচার লিখিয়া সন্তোস করিবেন
ইখানকার সমাচার সকলি জ্ঞাত আছেন এবং পূর্ব
লিখনেহ লিখিয়াছি জ্ঞাত হইয়া থাকিবেন আর আ-
পনে যদি ইতিমধ্যে শ্রীযুত বাটীতে অহিসেন ভাল নতুবা
আসন না হয় তবে খরচ কিছু পঠাইয়া দিবেন মঙ্গলাদি
সমাচার লিখিবেন বেওরা সমাচার শ্রীযুত রাধাকৃষ্ণ মহা-
সএর প্রমুখাৎ জ্ঞাত হবেন এহা নিবেদন করিল ইতি
শ্রীযুত গোস্বামি জিউ
পূর্ব্বমৎ আছেন ইতি
তে ১২ কার্ত্তিক

[অপর পৃষ্ঠায় লেখা]

পত্রেস্মিন্ বশ্চরণারবিন্দেষু
শ্রীবৃন্দাবন দাসস্য দন্তৈস্তৃণমাদায়
ভূমৌ নিপত্যোৎপত্য সাষ্টাঙ্গ দণ্ডবন্নিবে-
দন সহস্রানি সন্ত্বেব পরন্তু নিবেদনমিতি

১৮৮

শ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ

পরম ভাগবতোত্তম মদ্বীধ কিল্বীষ
খণ্ডন শ্রীযুত বাঞ্ছারাম বিদ্যাভুসন
ঠাকুর চরণকমলেষু

ভৃত্যাভাসস্য শ্রীগোরাচান্দ দাষস্য
ভোমৌ নিপত্য ষাষ্টাঙ্গ দণ্ডবন্নুতি নিবেদন নিচ ...
ভবতাং শ্রীচরণ স্মরণাভাসে নৈবাত্রা নিস সংব(াদ)
পরন্তু মহাসএর ক্রপাপাত্র পাইয়া সিরোধায্য ...
সমাচার জ্ঞাত হইলাম জানিলাম আমার দিগ ...
স্মরণ আছে অনেক দিবস জাবত মহাসয়ের
শ্রীচরণ দরসন পাই না পত্রাভাসে বুজীলাম ...
দুর্গম বিধায় আসিতে পারেন না অতএব ...
খুড়া রাধাচরণ রায়কেও লিখীলাম তেনিহ সি(ঘ্র)
আসিবেণ জদি কৃপাপুর্ব্বক এক সমি ...
আইসেন তবে কৃতার্থ হই এবং আ ...

[অপর পৃষ্ঠায় লেখা]

লোক সুখি হয়ে এহা শ্রীচরনে
নিবেদন করিল ইতি শন ১১৮৬
তে ২৯ ফালগুন

বি.দ্র. ... -চিহ্নিত স্থানের মূলপাঠ বিনষ্ট।

১৮৯

৺ শ্রীকৃষ্ণচৈতন্য শরণঃ

নধ্যাতোসিল কির্ত্তিতোসিল
মনাগারাধিতোসি প্রভো নো জন্মা-
ন্তরে তব পদাম্ভজে সুভক্তিকৃতা তেনা-
হং বহুদুখভাজনং তয়া প্রাপ্ত দশামী

দসিং তং কারুন্য নিধে বিদেহিং হে নাথ
দিনে মই মদ্যিধ জন হৃদয়ানন্দ মমদে-
কসরণং শ্রীল শ্রীযুৎ মদিস্বর শ্রীগোরকি-
শোর ব্রজবাসি গোস্বামি দ্বিতিয় ক-
লেবর শ্রীলাধাচরন অধিকারি ব্রজবা-
সি গোস্বামি জিউ চরন কঞ্জেষু ভৃর্ত্তা-
ভাসস্য দিনাতিদিনহিনস্য শ্রীবৃন্দাবন
দাসস্য নাম্মোজনস্য ভূমৌ নিপত্যো
তপত্য দসনৈ ত্রীণগুচ্ছমাদায় সাষ্টা-
ঙ্গ প্রিনিপাতপূর্ব্বক প্রনামানি সত স-
হশ্রানি সন্তি শ্রীল চরন সরনাভাসে
নৈবাত্রানি শং শংবর্ত্ততে আপনে এ-
থাতে আসিবেন করি সংবাদ সুনি-
য়া স্বরূপের মাতা কিছু চাউল করি-
য়া আপনার সাপক্ষে চাহিয়া আ-
ছেন অতএব আপনে পত্র গত মাত্রে
ক্রুপা করিয়া সিগ্র অবস২ দর্সন দি-
বেন আমিহ আপনার শ্রীচরন দর্সন
পাইলে আমাদিগের মনবাঞ্ছা পুর্ণ্ন
হয় ইহা নিবেদন করিলাম ইতি তারিখ
৩১ আসাড়
অপরাধ সহশ্রানি ক্রিয়ন্তে হর্নিসং
ময়া। দাসহং মিতিমাং মত্তা ক্ষমস্ব
মধূসুদন।।

[অপর পৃষ্ঠায় লেখা]

নিবেদনপত্র শ্রীবৃন্দাবন দাষ
সাং কমলগঞ্জ
পরমারাধ্যত্তম শ্রীল শ্রীযুৎ
রাধাচরণ অধিকারি ব্রজ-
বাসি গোস্বামি জিউ শ্রীচ-
রন কমলেষু পত্র দে(শ)ণা মোং ঢাকা
বাড়্যা নগর আখরাতে পৌছে

১৯০

শ্রীশ্রীকৃষ্ণায় নমঃ

শ্রীশ্রীমদ্রাধাগোবিন্দচরন গোসাঞিজীকে
সেবৈকনিষ্ঠচিত্ত শ্রীযুত গৌরকিসোর
ঠক্কুর ভাগবতপ্রবরেষু ত্বদীয় সতীর্থ্যা ভাসস্য
শ্রীরামমোহন দাসস্য সাষ্টাঙ্গ দণ্ডবন্নিবেদনঞ্চেতি
শ্রীযুত বৃন্দাবন দাস ঠকুর নাগরপুর হইতে শ্রীজগন্নাথ
পোদ্দারের বাটীতে আসিয়াছেন পোদ্দার মযুকুরের চিকিছা
করেন এক দিবস আমাদের ইখানে আসিয়া শ্রীশ্রীযুত ৬
দেখিয়া গিয়াছেন এবং ঔসদহ কিছু দিয়াছেন তাহাতে
উপসম কীছু বুজা জায় না এবং তিনি কহিয়াছেন আমাদের বাটিতে
আসিয়া ঔসদ করিবেন অতএব নিবেদন আপনারা তথ্যকার
সাবকাস মতে সিগ্র আসিয়া পৌচিবেন নতুবা কী কর্ত্তব্য পরা-
মর্স মতে সমাচার লিখিবেন তদঅনুসারে কার্য্য করিব
আপনে বিজ্ঞ বিবচনামত জেমত হয় করিবেন আমী অধিক কী লিখিব
আর মোকাম ছিলট হইতে জে লিখন আসিয়াছে তাহা পঠাই
জ্ঞাত হইবেন ইখানকার সর্বত্র কুষল আপনকার মঙ্গলাদি
লিখিতে আজ্ঞা হবেক ইতি তেরিখ ২৮ আস্বিন

১৯১

শ্রীহরয়ে নমঃ

শ্রীরাধাচরণ দাসস্য

প্রাণাধিক শ্রীরাধাবিনোদ বাবাজীউ
সুমধুরাশয়েষু সপ্রেমালিঙ্গন পূর্ব্বক

লিখনঞ্চেতি ২৩ চৈত্র সমবার পৌর্ণমাসী-
তে শ্রীযুত ৺ অধিকারি ঠাকুর পণ্ডিত ঠাকুরের
বিরহ মহোৎসবের দিন নিরূপণ
করিয়াছি তুমি লিখনগত মাত্র বাটিতে পৌচি-
য়া মহোৎসব দর্শন করিবা ইহা জ্ঞাত করিলা-
ম ইতি সন ১২২০ তেরিখ ১ চৈত্র
শ্রীহরিশরণং।।

[অপর পৃষ্ঠায় লেখা]

লিং শ্রীরাধাচরণ দাসস্য
মোং মরশুদাবাদ জাফরা
গঞ্জ শ্রীহরিনারায়ণ আচারি
জীউব আখরাতে পৌছে
৭৪।

প্রাণাধিক শ্রীযুত রাধাবি-
নোদ বাবাজীউ সুমধুরাশ-
য়েষু

১৯২

৭শ্রীহরিঃ

সেবক শ্রীকালীনাথ শর্ম্মণঃ।
প্রণাম পূর্ব্বক নিবেদনমাদৌ বিশেষ
স্ত্বেতাবান্। আমি এ স্থানে আসিয়া অবধি শারী-
রিক ভালোই আছি সে বিষয় ভাবনা করিবেণ

না শ্রীযুক্ত সার্ব্বভৌম মহাশয়ের নিকটে পাঠ
আরম্ভ করিয়াছিলাম তিনি আলাপসিং নিম-
ন্ত্রণে গিয়াছেন পাঠ হইতেছে এথাতে সকলের শা-
রীরিক মঙ্গল তাহা সুইয়াল কহিবেন শ্রীযুতা
ইন্দ্রমণি দেবীর শঙ্খ কোরা বাবের ভয়ে কেহ
লয় না একারণ পঠান গেল না শ্রীযুক্ত কালী-
চন্দ্র মজমুদার ক্লিষ্টই আছেন এহি সুনি-
য়া অত্যন্ত ব্যস্ত আছি কোণগতিকে মঙ্গল সং-
বাদ সহিত একখান লিপি পাইলে সুস্থির
হই এমত করিবেণ খরচ ১০ দশ কাটা★ কল সি-
ক্কা ভালো পঠাই শ্রীযুক্ত কৃষ্ণনাথ খুড়া
মহাশয়ের স্থানে লইবেন শ্রীযুক্ত রামপ্রসাদ
ভট্টাচার্য্যের লিপিতে জ্ঞাতা হইয়া টাকা যে
হয় করিবেণ টাকার সংবাদ সুইয়াইলের কেহ
না জানে এমত করিবেণ মনুষ্যাগতে সকলের
শারীরিক মঙ্গল অবশ্য২ লিখিবেন নিবেদন-
মিতি তাং ১৮ পৌষস্য

[অপর পৃষ্ঠায় লেখা]

পরমপূজনীয় শ্রীযুক্তাগ্রজ
গোপীকান্ত ভট্টাচার্য্য মহাশয়
শ্রীশ্রীচরণয়োঃ।

★ কাটা=টাকা। (শব্দাংশের বিপর্যয়ের ফলে এস্থলে 'টাকা' 'কাটা' হয়েছে।)

(ক্রমশ)